আপন কথা





সিগ্নেট প্রেস: কলিকাতা

প্ৰতিয়া বুক পাটাপুৰ বস্তাও ৯ ডি, ^{কি, কা}ৰান বৈদৰৰ বিপৰ্যত জনৱন্তৰ

প্রথম সংকরণ আবাচ্ ১০৫৩ 24144 षिनोभकुमात्र श्रय मिश्राम्ड ८ अम ১০৷২ এলগিল ব্রোদ্ধ अस्ट प्रणा সভালিৎ ক্লায क छि। शाक মিলভো গলেশপাধায়ে অলোকেন্সনাথ ঠাকুর मञ्जाहा মুদ্রাকর 🗐 হামবুফ ভট্টাচায প্রভ প্রেস :• কর্মভারালিন ইট প্রজন্পট ও পুঞ্নি ছাপিংয়ছেন শ্ৰেৰ আৰু কোম্পৰি ~ ১-এ জীৰাথদান লেন অভিলেট ব্ৰক ও মূচণ ए। ब्राट करति दिल में फिल "२।: करनाज के डे বাধিয়েছে ন বাদস্থী বাইজিং ভয়াক্স e - शहलकाड़ा देखे

লাম তিনটাকা

স্ব্ৰহ্ম সংক্ৰিত



মনের কথা	• • •	***	•••		>
পত্মদাসী	•••				¢
শাইক্লোন	• • •	•••	•••	•••	১৬
উত্তরের ঘর	• • •	•••	• • •	•••	90
এ-আমল দে-আমল			•••	•••	৬২
এ-বাড়ি ও-বা	ড়	•••		•••	99
অসমাপিকা	•••	•••	•••	•••	22 o
বদতবাড়ি	• • •			• • •	১২ ১

न्नत्तं क्था

যে-খাতার দঙ্গে ভাব হলো না, তার পাতায় ভালো লেখাও চললো না। এই খাতাটা অনেকদিন কাছে-কাছে রয়েছে. ভাব হয়ে গেলো এটার সঙ্গে। ভাব হলো যে-মানুষের সঙ্গে কেবল তাকেই বলা চললো নিজের কথা স্থ-চুঃথের। আমার ভাব ছোটোদের দঙ্গে—তাদেরই দিলেম এই লেখা খাতা। আর যারা কিনে নিতে চায় পয়দা দিয়ে আমার জীবন-ভরা স্থথ-দ্রঃথের কাহিনী, এবং সেটা ছাপিয়ে নিজেরাও কিছু সংস্থান করে নিতে চায় তাদের আমি দুর থেকে নমস্কার দিচ্ছি। যারা কেবল শুনতে চায় আপন कथा, (थरक थरक यात्रा काष्ट्र अप्त वर्तन 'ग्रह्म वरना', मिडे শিশু-জগতের সত্যিকার রাজা-রানী বাদশা-বেগম তাদেরই জন্যে আমার এই লেখা পাতা ক'খানা। শিশু-সাহিত্য-

>(00)

সম্রাট যাঁরা এসেছেন এবং আসছেন তাঁদের জন্মে রইলো বাঁহাতে দেলাম; আর ডান হাতের কুর্নিশ রইলো তাদেরই জন্মে যারা বদে শোনে গল্প রাজা-বাদশার মতো, কিন্তু ছেঁড়া মাছর নয়তো মাটিতে বসে; আর গল্পের মাঝে মাঝে থেকে থেকে যারা বকশিশ দিয়ে চলে একটু হাসি কিম্বা একটু কান্না; মান-পত্রও নয়, সোনার পদকও নয়; হয় একটু দীর্ঘখাদ, নয় একটুখানি ঘুমে-ঢোলা চোখের চাহনি! ঐ তারা—যারা আমার মনের সিংহাদন আলো করে এদে वरम, তাদেরই আদাব দিয়ে বলি, গরীব পরবৎ দেলামং— অব্ আগাজ্ কিদ্দেকা করতা হু, জেরা কান দিয়ে কর শুনো!

ছাপা হবে হয়তো বইখানা। একদিন কোনো বেরসিক অল্প দামে কিনে নেবে আমার সারা-জীবন খুঁজে খুঁজে পাওয়া যা কিছু সংগ্রহ। এইটে মনে পড়ে যখন, তখন হাসি পায়। বলি, এ কি হয় কখনো ? সব কথা কি কেউ জানতে পারে, না জানাতেই পারে কোনো কালে ? অনেক কথা রয়ে যাবে, অনেক রইবে না, এই হবে, তার বেশি নয়। একটা শোনা-কথা বলি। তথন বাড়িতে প্ল্যানচিট্ চালিয়ে স্থৃত নামানো চলছে। দাদামশায়ের পার্যদ দীননাথ ঘোষাল প্ল্যানচিটে এদে হাজির। বড়ো জ্বেঠামশায় তাঁকে জেরা শুরু করলেন—পরকালটা এবং পরকালটার বৃত্তান্ত শুনে নিতে চেয়ে। প্ল্যানচিটে উত্তর বার হলো—'যে-কথা আমি মরে জেনেছি, দে-কথা বেঁচে থেকে কাঁকি দিয়ে জেনে নেবে এ হতেই পারে না।'

আমিও ঐকথা বলি। অনেক ভূগে পাওয়া এ-সব কাহিনী, কিনতে গেলে ঠকতে হয়, বেচতে গেলে ঠকতে হয়! বলে যাওয়া চলে কেবল তাদেরই কাছে নির্ভয়ে, মনের কথা বেচা-কেনার ধার ধারে না যারা, যাত্রা করে বেরিয়েছে যারা, কেউ হামাগুড়ি দিয়ে, কেউ কাঠের ঘোড়ায় চড়ে, নানা ভাবে নানা দিকে আলিবাবার গুহার সন্ধানে! ছোটো ছোটো হাতে ঠেলা দিয়ে যারা কপাট আগলে বসে আছে, যে-দৈত্য সেটাকে জাগিয়ে বলে, 'ওপুন চিসম্'—অর্থাৎ চশনা খোলো, গল্ল বলো। যারা থেকে থেকে ছুটে এসে বলে—'এই কুড়ি ছোঁয়াও, দেখবে

দাদামশায়, লোহার গায়ে ধরে যাবে সোনা!' কুড়িয়ে পাওয়া পুরনো পিছুম ঘসে ঘসে যারা থইয়ে ফেলে, অথচ ছাড়ে না কিছুতে সাত-রাজার-ধন মানিকের আশা।



लाभामी

রাতের অন্ধকারের মাঝে দাঁডিয়ে সারি সারি পল-তোলা থাম. এরি ফাঁক দিয়ে দেখা যাচ্ছে আমাদের তেতলার উত্তর-পুব কোণের ছোটো ঘরটা; এক কোণে জলছে মিটমিটে একটা তেলের সেজ। হিমের ভয়ে লাল খেরুয়ার পুরু পর্দা দিয়ে সম্পূর্ণ মোড়া ঘরের তিনটে জানলাই, ঘরজোড়া উচু একথানা খাট—তাতে সবৃঙ্গ রঙের মোটা দিশি মশারি ফেলা রয়েছে। ঘরে ঢোকবার দরজাটা এত বড়ো যে, তার উপর দিকটাতে বাতির আলো পৌছতে পারেনি! এই দরজার এক পাশে একটা লোহার দিন্দুক, আর তারই ঠিক দামনে কোণা থেকে একটা কাঠের খোঁটা হঠাৎ মেঝে ফুঁড়ে হাত তিনেক উঠেই থমকে দাঁড়িয়ে গেছে তো দাঁড়িয়েই আছে। এই খোঁটা—ঘরের মধ্যে যার দাঁড়িয়ে থাকার কোনো কারণ ছিলো না—দেটাতে ভর দিয়ে দাঁড়িয়ে আছে দেড়হাত প্রমাণ এক ছেলে ! থোঁটার মাথার কাছে এতটুকু কুলুঙ্গির মতো একটা চৌকো গর্ত, তারই মধ্যে উকি দিয়ে দেখবার ইচ্ছে হচ্ছে, কিন্তু নাগাল পাচ্ছিনে কুলুঙ্গিটার! আলোর काष्ट्र वरम म्लेके प्रथए लाष्ट्रि शचानामा मस এक छ। রূপোর বিদ্বুক আর গরম চুদের বাটি নিয়ে চুধ জুড়োতে বসে গেছে—তুলছে আর ঢালছে সে তপ্ত চুধ। দাসীর কালো হাত হুধ জুড়োবার ছন্দে উঠছে নামছে, নামছে উঠছে! চারদিক স্থন্দান, কেবলি চুধের ধারা পড়ার শব্দ শুনছি। আর দাদার কালো হাতের ওঠা-পড়ার দিকে চেয়ে একটা কথা ভাবছি—উচু খাটে উঠতে পারা যাবে কিনা! পর্দার ওপারে অনেক দূরে আস্তাবলের ফটকের কাছে নন্দ ফরাশের ঘর, দেখানে নোটো থোঁড়া বেহালাতে গৎ ধরেছে--এক তুই তিন চার, এহেক তুহি তিহিন চার। এক চুই তিন চার জানিয়ে দিলে রাত কতো হয়েছে তা— অমনি ভাড়াভাড়ি থানিক আধ-ঠাণ্ডা ছুধ কোনোরকমে আমাকে গিলিয়ে খাটের উপর তিনটে বালিশের মাঝ-খানটায় কাত করে ফেলে মনে মনে একটা ঘুম পাড়ানো ছড়া আউড়ে চললো আমার দাসী। আর তারই তালে তালে তার কালো হাতের রহে-রহে ছোঁয়া ঘুমের তলায় আস্তে আসেকে নামিয়ে দিতে থাকলো!

একেবারে রাতের অন্ধকারের মতো কালো ছিলো আমার দার্না—দে কাছে বদেই ঘুম পাড়াতো কিন্তু অন্ধকারে মিলিয়ে থাকতো দে। দেখতে পেতেম না তাকে, শুধু ছোঁয়া পেতেম থেকে থেকে! কোনো-কোনো দিন অনেক রাতে দে জেগে বদে চালভাজা কট্কট্ চিবোতো, আর তালপাতার পাথা নিয়ে মশা তাড়াতো। শুধু শব্দে জানতেম এটা। আমি জেগে আছি জানলে দার্সী চুপিচুপি মশারি তুলে একটুগানি নারকেল-নাড়ু অন্ধকারেই মুখে গুঁজে দিতো—নিত্য থোরাকের উপরি-পাওনা ছিলো এই নাড়ু!

খাটে উঠবে। কেমন করে এই ভয় হয়েছিলো। কার্চেই

বোধ হচ্ছে উচু পালঙ্কে শোয়া সেই আমার প্রথম! জানিনে তার আগে কোথায় কোন ঘরে আমাকে নিয়ে শুইয়ে দিতো কোন বিছানায় সে ?

চারদিকে সবুজ মশারির আবছায়া-ঘেরা মস্ত বিছানাটা ভারি নতুন ঠেকেছিলো সেদিন। একটা যেন কোনো দেশে এসেছি—সেখানে বালিশগুলোকে দেখাচেছ যেন পাহাড় পর্বত, মশারিটা যেন সবুজ-কুয়াশা-ঢাকা আকাশ যার ওপারে—এখানে আর মনে করতে হতো না,দেখতেপেতেম চিৎপুর রাস্তা থেকে যে সরু গলিটা আমাদের ফটকে এসে ঢুকেছে সেটা একেবারে জনশৃন্য ! হু'নম্বর বাড়ির গায়ে তখনকার মিউনিসিপালিটির দেওয়া একটা মিট্মিটে তেলের বাতি জ্লছে, আর সেই আলো-আঁধারে পুরনো শিব মন্দিরটার দরজার সামনে দিয়ে একটা কন্ধ-কাটা চুই হাত মেলে শিকার খুঁজে খুঁজে চলেছে ! কন্ধ-কাটার বাদাটাও সেই সঙ্গে দেখা দিতো—একটা মাটির নল বেয়ে চু'নম্বর বাড়ির ময়লা জল পড়ে পড়ে খানিকটা দেওয়াল সোঁতা আর কালো, ঠিক তারই কাছে আধখানা ভাঙা কপাট চাপানো আড়াই হাত একটা ফোকরে তার বাস—দিনেও তার মধ্যে অন্ধকার জমা হয়ে থাকে!

সব ভূতের মধ্যে ভীষণ ছিলো এই কন্ধকাটা, যার পেটটা থেকে থেকে অন্ধকারে হাঁ করে আর ঢোক গেলে: যার চোথ নেই অথচ মস্ত কাঁকড়ার দাঁড়ার মতো হাত হুটো যার পরিষ্কার দেখতে পায় শিকার! আর একটা ভয় আ্দতো দময়ে দময়ে, কিন্তু আদতো দে অকাতর ঘুমের মধ্যে—দে নামতো বিরাট একটা আগুনের ভাঁটার মতো বাড়ির ছাদ ফুঁড়ে আস্তে আস্তে আমার বুকের উপর ! যেন আমাকে চেপে মারবে এই ভাব--নামছে তো নামছেই গোলাটা, আমার দিকে এগিয়ে আসার তার বিরাম নেই। কখনো আসতো সেটা এগিয়ে জ্বলম্ভ একটা স্তনের মতো একেবারে আমার মুখের কাছাকাছি, ঝাঁজ লাগতো মুখে চোথে! তারপর আস্তে আস্তে উঠে যেতো গোলাটা আমাকে ছেড়ে, হাঁফ ছেড়ে চেয়ে দেখতেম সকাল হয়েছে — কপাল গরম, জুর এদে গেছে আমার। দশ-বারো বছর পর্যন্ত এই উপগ্রহটা জ্বেরে অগ্রদূত হয়ে এদে আমায় অহস্থ করে যেতো। উপগ্রহকে ঠেকাবার উপায় ছিলোনা ।
কৈনা, কিন্তু উপদেবতা আর কন্ধকাটার হাত থেকে
বাঁচবার উপায় আবিকার করে নিয়েছিলেম। লাল শালুর
লেপ, তারই উপরে মোড়া থাকতো পাতলা ওয়াড়, আমি
তারই মধ্যে এক-একদিন লুকিয়ে পড়তাম এমন যে,
দাসা সকালে বিভানায় আমায় না দেখে—'ছেলে কোথা
গো' বলে শোরগোল বাধিয়ে দিতো। শেষে পদ্মদাসীর
পদ্মহস্তের গোটা কয়েক চাপড় থেয়ে যাতুকরের থলি
থেকে গোলার মতো ছিটকে বার হতেম আমি সকালের
আলোতে!

জীবনের প্রথম অংশটায় সকালের লেপের ওয়াড়খানা গুটি পোকার খোলসের মতো করে ছেড়ে বার হওয়া আর রাতে আবার গিয়ে লুকোনো লেপের তলায়, আর তারই সঙ্গে জড়িয়ে বাটি, ঝিনুক, খাট, সিন্দুক, তেলের সেজ, পদ্মদাসী, এমনি গোটাকতক জিনিস, আর শীতের রাতের অন্ধকারে কতকগুলো ভূতের চেহারা, দিনের বেলাতেও অন্ধকারে টিল ফেলার মতো কতকগুলো চমকে দেওয়া শব্দ-দরজার কড়ার শব্দ, চাবি-গোছার ঝিন্ঝিন্ মাত্র আছে আমার কাছে, আর কিছু নেই—কেউ নেই! ১৮৭১ थ्रीकोटनत जन्माकेंगात जिंदन दवला ১२छ। ১১ मिनिष्ठे থেকে আরম্ভ করে থানিকটা ব্যুস পর্যন্ত রূপ-রুস-শব্দ-গন্ধ-স্পর্শের পুঁজি – এক দাসা, একখানি ঘর, একটি খাট, একটি ছুধের বাটি, এমনি গোটাকতক সামান্য জিনিসের মধ্যেই বন্ধ রয়েছে। শোওয়া আর খাওয়া এ-ছাড়া আর কোনো ঘটনার সঙ্গে যোগ নেই আমার! অকলাৎ একদিন এক ঘটনার সামনে পড়ে গেলেম একলা। ঘটনার প্রথম টেউয়ের ধাকা সেটা। তথন সকাল দেড প্রহর হবে, তিনতলার বড়ো দিঁড়ির উপর ধাপের কিনারা—যেথানটায় থাঁচার গরাদের মতে। শিক দিয়ে বন্ধ কর।— সেইগানটায় দাঁড়িয়ে দেখছি কাঠের সিঁড়ির প্রকাণ্ড প্রকাণ্ড ধাপগুলো একটা চৌকোনা যেন কুয়োকে ঘিরে যিরে নেমে গেছে কোন পাতালে তার ঠিক নেই! এই ধাপে ধাপে ঘূণির মাঝে একটা বড়ে। চাতাল। পশ্চিম দিকের একটা গোলা ঘর হয়ে চাতালের উপরটায় এদে পড়েছে চওড়া শাদ। সালোর একটি মাত্র টান। ঠিক এইখানটায় আমার কালোদাসী আর 'রসো' বলে একটা মোটাসোটা ফরশা চাকরানী কথা কইছে শুনছি। আমি তো তাদের কথা বুঝিনে — কথার মানেও বুঝিনে—কেবল স্বরের ঝোঁক আর হাত-পা নাড়া দেখে জানছি দাসীতে দাসীতে ঝগড়া বেধেছে। থাঁচার পাথির মতো গরাদের মধ্যে থেকে বাইরে চেয়ে দেখছি কি হয়। হঠাৎ দেখলেম আমার দাদী একটা ধাক্কা খেয়ে ঠিকরে পড়লো দেওয়ালের উপর। আবার তথনি সে ফিরে দাঁড়িয়ে আঁচলটা কোমরে জড়াতে থাকলো। তথন তার কালো কপাল বেয়ে রক্ত পড়ছে, চুলগুলো উদ্কো—চেহারা রাগে ভীষণ হয়ে উঠেছে : সিঁতুর-পরা যেন কালো পাথরের ভৈরবী মূতি দে একটি! আমি চিৎকার করে উঠলেম—'মারলে. व्यामात नामीरक मात्ररल!' लाकजन इर्प्ट अला, जाउनात এলো, একটা ছেঁড়া-কাপড়ের শাদা পটি দাসীর কপালে বেঁধে দিয়ে গেলো; কিন্তু আমার মনে জেগে রইলো দিভির ধারে দকালের দেখা রক্তমাখা কালো রূপটাই দাসীর। সেই আমার শেষ দেখা দাসীর সঙ্গে। তারপর থেকে দেখি দাসী কাছে নেই কিন্তু তার ভাবনা রয়েছে মনে— দেশ থেকে থেলন। নিয়ে ফিরবে দাসী। সিঁড়ির দরজায় বসে বীরভূমের গালার তৈরি একটা কাছিম নিয়ে খেলি আর রোজই ভাবি দাসা আসবে! কোন গাঁয়ের কোন ঘর ছেড়ে এসেছিলো অন্ধকারের মতো কালো আমার পদ্মদাসী! শুনি সে ভীষণ কালে। ছিলো। পদ্ম নামটা মোটেই তাকে মানাতো না। সে তার বেমানান নাম নিয়েই এসেছিল। এ-বাড়িতে। রাগ করে গেছে: গল্প বলেছে, ঝগড়া করেছে, কাজও করেছে এবং মানুষ করবার বকশিশ দোনার বিছেহার আর রক্তের টিপ পরে চলেও গেছে বহুদিন। পৃথিবীর কোনোগানে হয়তে। আর কোনো মনে ধরা নেই তার কিছুই এক আমার কাছে ছাড়া। হয়তো বা তাই আপনার কথা বলতে গিয়ে দেই নিতান্ত পর এবং একান্ত দূর যে তাকেই দেখতে পাচ্ছি— পঞ্চান্ন বছরের ওধারে বদে দে হুধ ঢালছে আর তুলছে আমার জন্মে ।...

আমার কুষ্ঠিথানা লিথেছে দেখি বেশ গুছিয়ে সন তারিখ

বছর মাস মিলিয়ে। পরে পরে ঘটনাগুলো ধরে দিয়েছে সেখানে গনংকার। কিন্তু এ-ভাবে জীবনটা তো আমার চললো না লতার পর লতা পারম্পর্য ধরে। কাজেই কৃষ্টি অনেকটা ফলে গেলেও আমাদের দেকালের 'কালী আচায্যি'কে দ্বিভায় বিধাতা-পুরুষ বলে স্থাকার করা চললো না। আচমকা যে-সব ঘটনার সঙ্গে পরিচয় হয়ে পড়ে আজও দেইগুলোকেই আমি জানি বিধাতার সাটে লেখা বলে—যেটা তিনি ছ'দিনের দিন সব ছেলেরই একটুগানি মাথার খুলিতে ঘুণাক্ষরের চেয়েও অপাঠ্য অক্ষরে লিখে যান। ঘটনা ঘটলো তো জানলেম কপালে এইভাবে এটা লেখা ছিলো।

একটা বিশ্বয়-চিহ্ন কালো কালিতে, তার মাথায় লাল কালির একটা টান—এই দাটটুকুর মধ্যেই ধরা গিয়েছিলো আমার আর দাদীর আছন্ত ইতিহাদ। তারপর হয়তো খানিকটা ফাঁকা মাথার খুলি; তারপর আর একটা অদ্তুত চিহ্ন, ঘটাকার কি পটাকার, কি একটা পাথি, কি একটা বাঁদর, কি একটা গোলাকার, কত কা যে তার শেষ নেই— সেঁজুতি ব্রতের আলপনার মতো বিধাতার জল্পনা-কল্পনা জানাতে রইলো।

জন্ম থেকে আরম্ভ করে প্রথম বিশ্বয়ের চিহ্নটাতে এসে
আমার পনেরো মাস কি পঁচিশ মাস কি কতোটা বয়স
কেটেছিল তা বলতে পারা শক্ত; তবে হঠাৎ অসময়ে এসে
যে চিহ্নটাতে কপাল ঠুকেছিলেম আমি এবং আমার দাসাঁ
তু'জনেই—এটা ঠিক!



जारे क्षान

এটা জানি তথন—দিন আছে, রাত আছে, আর তারা হ'জনে একদঙ্গে আদে না আমাদের তিনতলায়। এও জেনেছি, বাতাস একজন ঠাণ্ডা, একজন গরম ; কিন্তু তাদের ত্ব'জনের কারো একটা করে ছাতা নেই গোলপাতার। রোদে পোড়ে, বিষ্টিতে ভেজে ওদের গা। এও জেনে নিয়েছি যে একটা একটা সময় অনেকজন রোদ বাইরে থেকে ঘরে এসেই জানলাগুলোর কাছে একটা একটা মাদ্রর বিছিয়ে রোদ পোহাতে বদে যায়। কোনোদিন वा রোদ একজন হঠাৎ আদে খোলা জানলা দিয়ে সকালেই। তক্তপোশের কোণে বদে থাকে দে, মানুষ বিছানা ছেড়ে গেলেই তাড়াতাড়ি রোদটা গড়িয়ে নেয় বালিশে তোশকে চাদরে আমার থাটেই। তারপর চটু

করে রোদ ধরা পড়ার ভয়ে বিছানা ছেড়ে দেওয়াল বেয়ে উঠে পড়ে কড়িকাঠে। ছাতের কাছেই আল্সের কোণে তুটো নাল পায়রা থাকে জানি, আলো হলেই তারা তু'জনে পড়া মুগস্থ করে—পাক্পাথম্ েমেজদি ে সেজদি ে কড়ে আঙুল বলে খাবো; আংটির আঙুল বলে কোথায় পাবো; মাঝের আছুল বলে গার করোগে; আর একটা আঙুল, তার নাম যে তর্জনী, তা জানিনে, কিন্তু সে বলে कानि, शुभरवा किरम ; नुर्छ। আड्म वरम मवङ्का। कि দেটা, দেখতে লঙ্কার মতো আর খেতে ঝাল না মিষ্টি তা জানিনে, কিন্তু খুব চেঁচিয়ে কথাটা বলে মজা পাই। বন্ধ খড়খড়ির একটু ফাঁক পেয়ে জানি রাত আসে এক-একদিন, শাদা প্রজাপতির মতে। এক ফোঁটা আলো, মাথার বালিশে ডানা বন্ধ করে ঘুমোয় সে, হাতচাপাদিলে হাতের তলা থেকে হাতের উপরে-উপরে চলাচলি করে। এমন চটুল এমন ছোটো যে, বালিশ চাপা দিলেও ধরে রাখা যায় না; বালিশের উপরে চট্ করে উঠে আদে। চিং হয়ে তার উপর শুয়ে পড়ি তো দেখি পিঠ ফুঁড়ে २(७३) 29

এসে বদেছে আমারই নাকের ডগায়। উপুড় হয়ে চেপে পড়লেই মুশকিল বাধে তার—ধরা পড়ে যায় একেবারে, ঐটা নিশ্চয় করে জেনেছি তখন।

পড়তে শেখার আগেই, দেখতে শুনতে চলতে বলতে শেখারও আগে, ছেলেমেয়েদের গ্রহ-নক্ষত্র, জল-ম্বল, জন্তু-জানোয়ার, আকাশ-বাতাস, গাছপালা, দেশবিদেশের কথা বেশ করে জানিয়ে দেবার জন্মে বইগুলে। তখন ছিলোই না। বই লিথিয়েও ছিলো না হয়তো, কাজেই খানিক জানি তথন নিজে নিজে, দেখে কতক ঠেকে কতক, শুনে কতক, ভেবে ভেবেও বা কতক। আমি দিচ্ছি পরীক্ষা তথন আমারই কাছে, কাজেই পাশই হয়ে চলেছি জানাশোনার পরাক্ষাতে। আমাদের শান্তিনিকেতনের জগদানন্দবাবুর 'পোকা-মাকড়' বই কোথায় তথন, কিন্তু মাকড়দার জালশুদ্ধ মাকড্সাকে আমি দেখে নিয়েছি। আর জেনে ফেলেছি যে, মাকড় মরে গেলে বোকড় হয়ে খাটের তলায় কম্বল বোনে রাতের বেলা। 'মাছের কথা' পড়া দূরে থাক, মাছ থাবারই উপায় নেই তথন, কাটা বেছে দিলেও। কিন্তু এটা ক্লেনেছি যে, ইলিশ মাছের পেটে এক থলিতে থাকে একটু সতার কয়লা, অত্য থলি ক'টাতে থাকে ঘোড়ার ক্ষুর, বামুনের পৈতে, টিক্টিকির লেজ এমনি নান সব থারাপ জিনিদ যা মাছ-কোটার বেলায় বার করে ন। ফেললে খাবার পরে মাছটা মুশকিল বানায় পেটে গিয়ে। জেনেছি দব রুই মাজগুলোই পেটের ভিতরে একটা করে इंहे-भठेका नुकिरम तार्थ। जल थारक वल भठेकाथाना काषाट পारत ना : छाडाय এलाई छाता मरत याय वरन পটকাও ফাটাতে পারে না নিজের। সে-জন্মে মাছের চঃখ ণাকে. আর এইজভোই মাছ-কোটার বেলায় আগে-ভাগে পটকাট। মার্টিতে ফার্টিয়ে দিতে হয়। না হলে মাছ রাগ করে ভাজা হতে চার না, ছঃখে পোড়ে, নয় তে। গলায় গিয়ে কাটা বেঁধার হঠাৎ। কালোজামের বিচি পেটে গেলেই সর্বনাশ, মাথা ফুঁড়ে মস্ত

কালোজামের বিচি পেটে গেলেই সবনাশ, মাথা কু ড়ে মস্ত জামগাছ বেরিয়ে পড়ে। আর কাগ এসে চোগ ছটোকে কালোজাম ভেবে ঠুকরে থায়। জোনাকি—সে আলো খুঁজতে পিছুমের কাছে এলো তো জানি লক্ষণ খারাপ, তথন 'তারা' 'তারা' না শ্বরণ করলে ঘরের দোষ কিছুতেই কাটে না।

বটতলার ঢাপা 'হাজার জিনিদ' বইখানার চেয়েও মজার একখানা বই—তারই পাণ্ডুলিপির মাল-মশলা সংগ্রহ করে চলেচে বয়েসটা আমার তথন। বড়ো হয়ে ছাপাবার মতলবে কিম্বা সট-ছাও রিপোটের মতো ছাঁট অক্ষরে मार्छ ऐतक निष्ट्र मन कथा—এ मरनष्ट रहा ना। আজও যেমন বোধকরি—যা কিছু সবই—এরা আমাকে व्यापना ट्रांच এरम (मधा मिरुष्ट—सत्रा मिरुष्ट अरम अता। খেলতে আসার মতো এসেছে, নিজে থেকে তাদের খুঁজতে যাচ্ছিনে—নিজের ইচ্ছামতো তারাই এসে চোখে পড়ছে আমার, যথাভিরুচি রূপ দেখিয়ে পালিয়ে যাচ্ছে থেলুড়ির মতো খেলা শেষে। সেই পঞ্চাশ বছর আগে তথনো তেমনি বোধ হতো। দেখছি না আমি, কিন্তু দেখা দিচ্ছে আমাকে সবাই; আর এই করেই জেনে চলেছি তাদের নিভুল ভাবে। রোদ, বাতাস, ঘর, বাড়ি, ফুল, পাতা, পাথি এরা সবই তথন কি ভুল বোঝাতেই চললে৷ অথবা স্বরূপটা

লুকিয়ে মন-ভোলানো বেশে এসে সন্ত্যি পরিচয় ধরে দিয়ে গোলো আমাকে, তা কে ঠিক করে বলে দেয় ? এ-বাড়িটা তথন আমায় জানিয়েছে—মাত্র তেতলা দে। তেতলার নিচে যে আরেকটা তলা আছে, দোতলা বলে যাকে, এবং তারও নিচে একতলা বলে আর একটা তলও আছে—এ-কথা জানতেই দেয়নি বাডিটা। কিন্তু দে জলে না হাওয়ায় ভাসছে এ মিছে কথাটাও তো বলেনি বাডিটা। অসত্য রূপটাও তো দেখা যায়নি। আপনার খানিকটা রেখেছিল। বাড়ি আড়ালে, খানিকটা দেখতে দিয়েছিলো, তাও এমন একটি চমংকার দেখা এবং না-দেখার মধ্য দিয়ে যে তেমন করে সারা বাড়ির ছবি ধরে, কিন্দা ইঞ্জিনিয়ারের প্র্যান ধরে, অথবা আজকের দিনে সারা বাডিখানা ঘরে ঘুরেও দেখা সম্ভব হয় না। আজকের দেখা এই বাডি সে একটা স্বতন্ত্র বাড়ি বলে ঠেকে, যেটা সত্যিই আমাকে দেখা দেয়নি। কিন্তু সেদিনের সে একতলা দোতলা নেই এমন যে তিনতলা, সে এখনও তেমনিই রয়েছে আমার কাছে। নিজে থেকে জানাশোনা দেখা ও পরিচয় করে নেওয়া সামার ধাতে দয় না। কেউ এদে দেখা দিলে, জানান দিলে তো হলে: ভাব ; কেউ কিছু দিয়ে গেলো তো পেয়ে গেলাম। পড়ে পাওয়ার আদর বেশি আমার কাছে: কুড়িয়ে পাওয়ার কুড়ির মূল্য আছে আমার কাছে; কিন্তু থেটে পাওয়। পাঁচার মুড়ির দিকে টান নেই আমার। হঠাৎ খাটুনি জুটে গেলে মজ। পাই, কিন্তু 'হঠাৎ' দত্যি 'হঠাৎ' হওয়া চাই, না-হলে নকল 'হুঠাং' কোনোদিনই মজা দেয় না, দেয়নিও আমাকে। আমি যদি সাহেব হতেম তো অবিবাহিত্ই থাকতে হতো, কোটশিপটা আমার দারা হতোই না। দাদীটা চলে গেলো তার যে-টুকু ধরে দেবার ছিলো দিয়ে হঠাৎ। এমনি হঠাৎ একদিন উত্তর-পুব কোণের ঘরটাও যা-কিছু দেখাবার ছিলো দেখিয়ে যেন সরে গেলো আমার কাছ থেকে।

মনে আছে এক অবস্থায় শীত গ্রীয় বর্ষা কিছুই নেই
আমার কাছে। সেই সময়টাতে ছোটো ঘরে হঠাৎ একদিন
সকালে জেগেই দেখলেম—লেপের মধ্যে থাকতে থাকতে,
কোন এক সময় শীতকাল গিয়ে গরম কাল এলো। আজ

দকালে আমার কপালটায় ঘাম দিয়েছে, আজই দাসী বিছানার তলায় লেপটিকে তাড়িয়ে দেবে, আজ রাতে খোলা জানলায় দেখা যাবে নীল আকাশ আর থেকে থেকে তারা, আর আমাকে একটা শাদা জামার উপরে আর একটা সতোর কাপড়ের ঠিক তেমনি জামা পরে নিতে হবে না, দকাল থেকে মোজা পায়ে দিয়েও কর্মভোগে ভূগতে হবে না জেনে ফেললেম হঠাং।

সেই ছেলেবেলা থেকে আছ পর্যন্ত না-জানা থেকে জানার সামাতে পৌছনোর বেলা একটা কোনো নির্দিষ্ট ধারা ধরে অঙ্কের যোগ বিয়োগ ভাগফলটার মতো এসে গেলো জগং-সংসারের যা-কিছু, তা হলো না তো আমার বেলায়। কিষা ঘটা করে থাকতে জানান দিয়ে ঘটলো ঘটনা সমস্ত তাও নয়। হঠাং এসে বললে তারা বিশ্ময়ের পর বিশ্ময় জাগিয়ে—'আমি এসে গেছি!' ঠিক যেমন ছবি এসে বলে আজও হঠাং—'আমি এসে গেলেম, এঁকে নাও চটপট।' যেমন লেখা বলে—'হয়ে গেছি তৈরি চালিয়ে চলো কলম।' চমকি দেবী বলে নিশ্চয় জানি কেউ আছেন আর কাজই

বাঁর গোড়া থেকেই চমক ভাঙিয়ে দেওয়া। দেখার পুঁজি জানার দমল তিল তিল খুঁটে ভরে তুলতে কতাে দেরি লাগতাে যদি চম্কি না থাকতেন সঙ্গে দাসাটা ছেড়ে যাবার পরেও। কিগুারগাটেন স্কুলের ছাত্রের মতাে স্টেপ বাই স্টেপ পড়তে পড়তে চলতে দিলেন না দেবা আমাকে, হঠাং পড়া হঠাং না-পড়া দিয়ে শুক্ত করলেন শিক্ষা তিনি।

বাড়ির অলিগলি আপন-পর সব চেনা হয়ে গেছে, বাড়ির বাইরেটাকেও জেনে নিয়েছি। কাকের বুলি কোকিলের ডাক ভিন্নতা জানিয়ে দিয়েছে আপনাদের। গরু-গাধাতে, মাসুষে-বানরে, ঘোড়াতে আর ঘোড়ার গাড়িতে মিল অমিল কোনখানে বুঝে নিয়েছি। বাড়ির চাকর-চাকরানী তাদের কার কি কাজ; কার মনিব কে-বা—সবই জানা হয়ে গেছে। বুঝেও নিয়েছি আমি এ-বাড়ির একজন। কিন্তু কি নাম আমার সেটা বলার বেলায় হাঁ করে থাকি বোকার মতো—অথচ থামকে বলি থামই, ছাতকে ছাতা বলে ভুল করিনে; পুকুরকে জানি পুকুর, আর তার জলে

পড়লে হাবুড়ুবু খেয়ে মরতে হয় তাও জানি। চলি চলি পা নেই—বড়ো বড়ো সিঁড়ির চার-পাঁচা ধাপ লাফিয়ে পড়ি। জেনেছি কাঁচা পেয়ারা লুন দিয়ে খেতে লাগে ভালো; ডাক্তারের রেড মিক্শ্চার চিংড়ি মাছের ঘী নয়, কিন্তু বিস্বাদ বিশ্রী জিনিস। ছুধের সর ভালোবাসি কিন্তু দাসীরা কেউ সেটাতে এক-একদিন ভাগ বসায় তো ধরে ফেলি।

কেবল একটা কথা থেকে থেকে ভুলতে পারিনে—আমি ছোটো ছেলে। অনেকদিন লাগছে, বড়ো হতে, গোঁপদাড়ি উঠতে, ইচ্ছামতো নির্ভয়ে পুকুরের এপার-ওপার করতে, চৌতলার ছাতে উঠে ঘুড়ি ওড়াতে এবং তামাক থেতে বিষ্টিতে ভিজতে।

বাড়ির চাকরগুলো স্বাধীনভাবে রোদ পোহায়, বিষ্টিতে ভেজে, ছোলাভাজা থায়। পুকুরে নামে ওঠে, তামুক থায়, ফটকের বাইরে চলে যায় গোল-পাতার ছাতা ঘাড়ে হাটতে হাটতে—এ-সব কেবলি মনে পড়ায় বড়ে। হইনি, ছোটোই আছি—বুঝি বা এমনই থাকবো চিরদিন তেতলায় ধরা।

সেই সময় সেই বহুকাল আগের একটা ঝড় পাঠালেন আমাকে দেখতে চম্কি দেবী। বড়টা এসেছিলো রাতের বেলায় এ-টুকু মনে আছে, তাছাড়া কড় আসার পূর্বের ঘটনা, ঘনঘটা, বজ্রবিদ্যাৎ, রৃষ্টি, বন্ধ-ঘর, অন্ধকার কি আলো কিছুই মনে নেই। বুমিয়ে পডেছি, তথন উঠলো তেহলায় ঝড়। কেবলি শব্দ, কেবলি শব্দ। বাতাস ডাকে, দরজা পড়ে; দিঁড়িতে ছুটোছুটি পায়ের শব্দ ওঠে দানা চাকরদের। হঠাৎ দেখেও ফেললেম চিনেও ফেললেম—চুই পিশিমা, চুই পিশেমশায়, বাবামশায়, আর মাকে, যেন প্রথম সেইবার। তিনতলায় এ-ঘর ও-ঘর সে-ঘর সবক'টা ঘরই যেন ছুটোছুটি করে এদে একদঙ্গে একবার আমাকে দেখা मिर्युष्टे **भामि**र्य (भरमा ।

এর পরেই দেখছি, বড়ো দিঁড়ির মাঝে একেবারে চৌতলার ছাত থেকে মোটা একগাছা শিকলে বাঁধা লোহার গির্জার চূড়োর মতো সেকেলে পুরনো লগুনটাকে নিয়ে শিকলশুদ্ধ বিষম দোলা দিচ্ছে ঝড়। নন্দ ফরাশ—
আমাদের লগুনটাকেই ভালোবাসে সে, সরু একগাছা

শনের দড়া দিয়ে কোনোরকমে শিকল-সমেত লগনটাকে টেনে বেঁধে ফেলতে চাচ্ছে সিঁড়ির কাটরায়। তুফানে পড়লে বজরাকে সে-ভাবে মাঝি চায় ডাঙ্গায় আটকে ফেলতে, ঠিক তেমনি ভাবটা তার।

কোনদিন এর আগে জানিয়েছিল শিক্তি, লগ্ন, সিড়ি ও ফরাশ আপন-আপন কথা আমাকে তা একটুও মনে নেই, কিন্তু এটা বেশ মনে হচেছ সেই প্রথমে গিয়ে পড়লেম দোতলায়, বৈঠকখানার মাকের ঘরটাতে।

কে যে আমাকে নামিয়ে আনলে, হাত গরে টেনে হিচড়ে আনলে, কিম্বা কোলে করে নামিয়ে আনলে তা মনে নেই। কেবল মাঝের ঘরটা মনে আছে। দেখানে সারি সারি বিছানা, কৌচ টেবিল সরিয়ে, মান্তরের উপর পেতে দিতে ব্যস্ত দাসীরা। হলদে রছের বড়ে। বড়ো কাঠের দরজা সারিদারি সবক'টাই বদ্ধ হয়ে গেছে। ঘরে বাতাস আসতে পারছে না, চাকরানীগুলো তুপের বাটি, জলের ঘটি, পানের বাটা, পিতলের ডাবর ঝন্থান্ করে ফেলে ফেলে জমা করছে ঘরের কোণে। এরই মাঝে

মাছুরে বদে দেখছি: মাথার উপরে শাদা কাপড়ের গেলাপমোড়া একটার পর একটা বড়ো ঝাড়, দেয়ালে দেয়ালে দেয়ালগিরি, ছোটো বড়ো দব অয়েলপেন্টিং বাড়ির লোকের। জানছি ঝড় যেন একটা কী জানোয়ার—গর্জন করে ফিরছে বন্ধ বাড়ির চারদিকে! দরজাগুলোও পাকা দিয়ে কেবলি পথ চাচ্ছে ঘরে ঢোকবার।

এক সময়ে হুকুম হলো ছেলেদের শুইয়ে দেবার। দক্ষিণ শিয়রে মায়ের কাছে দেদিন মেঝেতে পাতা শক্ত বিছানায় মুড়ি দিয়ে শুয়ে নিলেম, কিন্তু ঘুমিয়ে গেলেম না। অনেক রাত পর্যন্ত শুনতে থাকলেম—বাতাস ডাকছে, রৃষ্টি পড়ছে, আর ছুই পিশি পান-দোক্তা খেয়ে বলাবলি করছেন এমনি আর একটা আশ্বিনের ঝড়ের কথা।

সেই রাতে একটা ইংরিজি কথা জানলেম—'দাইক্লোন'। কড়ের এক ধাকায় যেন বাড়ির অনেকখানি, বাড়ির মানুষদের অনেকখানি, দেই দঙ্গে ঝড়ই বা কি, দাই- ক্লোনই বা কাকে বলে জানা হয়ে গেলো। এক রান্তিরে যেন মনে হলো অনেকথানি বড়ো হয়ে গেছি, জেনেও ফেলেছি অনেকটা—ঘরকে, বাইরেকেও।



उउत्व च्र

বাড়ির দক্ষিণ জুড়ে ফুলবাগান, পুকুর, গাছপালা, মেহেদির বেড়া ঘেরা দবুজ চক্ষর। দেদিকে প্রকৃতির দৌন্দর্য अयमा ७ कहाना। ठाँन ७८० मिनिएक, मूर्य ७८० मिनिएक, মন্ত বটগাছের আড়াল দিয়ে। পুকুরজলে দিনরাত পড়ে আলো-ছায়ার মায়া। ছপুরে ওড়ে প্রজাপতি, ঝোপে ডাকে ঘুদু, আর কাঠ-ঠোকরা থেকে থেকে। ময়ুর বেড়ায় পাখনা মেলিয়ে, রাজহংস দেয় সাঁতার, ফোহারাতে জল ছোটে সকাল বিকেল। সারস ধরে নাচ বাদলার দিনে, ঝড় বাতাদে নারকেল গাছের সারি দোল থায়। গরমের দিনে ছুপুরে চিল স্থির ডানা মেলিয়ে ভেদে বিষ্মৃত্তরে ডাক দিয়ে ঘুরে ঘুরে ক্রমেট ওঠে উপরে। পায়র। থেকে থেকে ঝাঁক গেঁধে বাড়ির ছাতে উড়ে উড়ে বেড়ায়। কাক উড়িয়ে নেয় শুকনো ডাল মাটি থেকে গাছের আগায়। সদ্ধ্যায় ওঠে নাল আকাশের তারা। রাতে ডাকে পাপিয়া—কভোদূর থেকে কোকিল তার জবাব দেয়—পিউ পিউ, কিউ কিউ! আবার শেয়ালও ডাকে রাতে, ব্যাঙ্গ বলে বর্ষায়। বেজিও বেরোয়, বেড়ালও বেরোয় গেকে থেকে শিকার সন্ধানে। একটা-একটা নেড়ি কুত্তো, সে-ও কাক বুঝে হঠাং ঢোকে বাগানে, চারদিক দেখে নিয়ে চট করে দরেও পড়ে রবাহুত গোছের ভাব দেখিয়ে।

কিন্তু তথনো বাড়ির এই রমণীয় দিকটাতে নেমে যাবার আমার বয়েদ হয়নি, উকি দেবারও অবস্থা হয়নি। ওদিকটা ছিলো দেকালের নিয়মে বারবাড়ির দামিল। অন্দরে যারা থাকতে। তারা তেতলার টানা বারান্দার বন্ধ ঝিলমিল দিয়ে ওদিককার একটু আভাদ মাত্র পেতে পারতে।। কি ছেলে, কি মেয়ে, কি দামা, কি বৌ, কি গিমিবামি— দকলের পক্ষেই এই ছিলো ব্যবস্থা। বেশি রাত না হলে দক্ষিণের ঝিলমিল দেওয়া জানলা ক'টা পুরোপ্রি

খোলা ছিলো তথন বেদস্তর। ঐ দিকটা বন্ধ রাখা প্রথা হয়ে গিয়েছিলে। কতকটা দায়ে পডেও। এ-বাডিটা বৈঠক-খানা হিসেবে প্রস্তুত করা—এটাকে আমাদের বসতবাড়ি হিসাবে করে নিতে এখানে ওগানে নানা পর্দা দিতে হয়েছে, না হলে ঘরের আব্রু থাকে না। বৈঠকথানায় বাস করতে হবে মেয়েছেলে নিয়ে, সেটা একটা চুর্ভাবনা জাগিয়েছিলো নিশ্চয়; তাই কতকগুলো পর্দা, ঝিলমিল ও চলাফেরার নিয়ম দিয়ে বাড়ির কতক অংশ, পুরনো বাড়ি ছেড়ে উঠে আদার দঙ্গে দঙ্গেই, অন্দর হিদেবে দেওয়াল ঝিলমিল ইত্যাদি দিয়ে খিরে নিতে হয়েছিলো আক্রর জন্মেও বটে, বাসঘরের অকুলানের জন্মেও বটে। এবং সেই পর্দা দেওয়াল ইত্যাদি ওঠার সঙ্গে কতকগুলি জানলা-বন্ধ দরজা-বন্ধ নিয়মও স্বষ্টি হয়ে গিয়েছিলো আপনা হতেই। যথন আমি হয়েছি তথন বন্ধ থাকতো দক্ষিণের ঝিলমিল তিনতলার, ভোর হতে রাত দুশটা নিয়মমতে।।

দক্ষিণ বারান্দার তিন হাত পাঁচিল, তার উপর রেমো




<u>ल्यान्त्रत अक्ष</u>



Secretary of the secretary
















অন্ত্ৰান্ত্ৰ সূক্ৰ





সবুজ রঙ-মাখানো টানা ঝিলমিল বন্ধ। আর আমি তখন মোটে তুই হাত খাড়াই কিনা সন্দেহ। ড্রপ-সিনের সবুজ পর্দার ওপারে কি আছে জানার জন্মে যেমন একটা কৌতৃহল থাকে, তেমনি বাড়ির মনোরম অংশটাকে দেখবার জন্যে একটা কৌতৃহল ছিলো কি ছিলো না, কিন্তু উত্তর দিকটাতেই টানছে এখন মন—যে-দিকটাতে জাবন বিচিত্র হয়ে দেখা দেয় থিড়কির ফাঁকে ফাঁকে। এই খড়খড়ি দে ওয়া বাইরের জগতের খিড়কি, এদিকে সকাল বিকেল, যথন তথন, বাড়ির সাধারণ দিক দেখে চলতেম। অফপ্রহর কিছু-না-কিছু হচ্ছে দেখানে—চলছে, বলছে, উঠছে, বসছে ; কতো চরিত্রের, কতো চঙের, কতো সাজের মানুষ, গাড়ি, ঘোড়া—কতো কি তার ঠিক নেই। মানুষ, জন্তু, কাজ-কর্ম এখানে সবই এক-একটা চরিত্র নিয়ে অবিশ্রান্ত চলন্ত ছবির মতো চোথের উপরে এসে পড়তো একটার ঘাড়ে আর একটা। সব ছবিগুলো নিজেতে নিজে সম্পূর্ণ—ছেদ নেই, ভেদ নেই, টানা চলেছে চোথের দামনে দিয়ে দৃশ্যের একটা অফুরস্ত স্রোত, ঘটনার বিচিত্র **૭(૭૭**) ಲ೨

দবুজ রঙ-মাখানো টান। ঝিলমিল বন্ধ। আর আমি তথন মোটে তুই হাত খাড়াই কিনা সন্দেহ। এপ-সিনের সবুজ পর্দার ওপারে কি আছে জানার জন্মে যেমন একটা কৌতুহল পাকে, তেমনি বাড়ির মনোরম অংশটাকে দেখবার জন্মে একটা কৌতুহল ছিলোকি ছিলো না, কিন্তু উত্তর দিকটাতেই টান্ছে এখন মন-্যে-দিকটাতে জাবন বিচিত্র হয়ে দেখা দেয় থিড়কির ফাঁকে ফাঁকে। এই খড়খডি দেওয়া বাইরের জগতের খিডকি, এদিকে সকাল বিকেল, যথন তথন, বাড়ির সাধারণ দিক দেখে চলতেম। अखेश्वरत किंदू-ना-किंदू राष्ट्र (मशान-- ठलांक, वलांक, উঠছে, বসছে ; কতো চরিত্রের, কতো চঙ্কের, কতো সাজের মাকুন, গাড়ি, ঘোড়া—কতে। কি তার ঠিক নেই। মাকুন, জন্ধ, কাজ-কর্ম এখানে সবই এক-একটা চরিত্র নিয়ে অবিশ্রান্ত চলত্ত ছবির মতো চোণের উপরে এদে পড়তো একটার ঘাড়ে আর একটা। সব ছবিগুলো নিজেতে নিজে সম্পূর্ণ—ছেদ নেই, ভেদ নেই, টানা চলেছে চোখের দামনে দিয়ে দুশ্যের একটা অফুরন্ত স্রোত, ঘটনার বিচিত্র

অশ্রান্ত লীলা। উত্তরের সারিসারি তিনটে জানলার তলাতে দেড় ফুট করে উচু সরু দাওয়া—সেইখানে বদে খড়গড়ি টেনে দেখি। পুরোপুরি একথানা ছবির মতো চোখে পড়তো না। বাড়ি, ঘর, গাছ—এরই নিচে একটা ময়লা দবুজ টান, তারপর আবার ছবি---ছাগল, মুরগী, হাঁস, খাটিয়া, বিচালির গাদা, খানিকটা চাকার আঁচড়-কাটা রাস্তা-তারপর আবার সবুজ টান। এমনি একটা করে খড়খড়ির ফাঁক আর একটা করে কাঠের পাট।—এরই উপর সব ছবি ও না-ছবিকে ছু'ভাগ করে একটা সরু দাঁড়ি—খবরের কাগজের চুটো কলমের মাঝের রেথার মতোই সোজা—যেটা টানলে হয় ছবি. চাপলে হয় বন্ধ-ছবি দেখা।

বাড়ির উত্তর আঙ্গিনাটায় একটা গোল চক্কর ছিলো তখন
— এখন দেখানে মস্ত লালবাড়ি উঠে গেছে। এই চক্করের
পুব পাশে আর একটা আধা-গোল গোছের চক্কর; পশ্চিম
পাশে আর একটা চৌকোনা পাঁচিল-ছেরা বাগান।
এই ক'টা ঘিরে আস্তাবল, নহবতখানা, গাড়িখানা।

তিনটে বড়ো বড়ো বাদাম আর অনেক কালের পুরনো তেঁতুলগাছ একটা। এই গাছ ক'টার ফাঁকে ফাঁকে টানা উচুনিচু সব পাকাবাড়ির ছাত আর চিলে-কোঠা। সরু সরু কাঠের থাম দেওয়া, ঝু কৈ-পড়া বারান্দা দেওয়ারামটাদ মুখুজ্যের সাবেক বাড়ি—গরাদে আঁটা ছোটো ছোটো कानना, इँहे वात-कता छाट्टत शीहिल आत (मध्यान। উত্তরের এইটুকুর মধ্যে ধরা তথন বাইরের দৃশ্য-জগতটি আমার, বাকি দিকগুলে। শোন। আর কল্পনার মধ্যে ছিলে।। বহির্জগতের থিড়কি দিয়ে, উকি দিয়ে দেখার মতো ছবিগুলো। মানুষ, মুরগী, হাস, গাড়িঘোড়া, সহিস, কোচম্যান, ছিরু মেথর, নন্দ ফরাশ, গোবিন্দ থোঁড়া, বুড়ো জমাদার, ভিস্তি, মুটে, উড়ে বেহারা, গোমস্তা, মুহুরি, চৌকিদার, ডাক-পেয়াদা — সবাইকে নিয়ে মস্ত একটা যাত্রা চলেছে এই উত্তরের আঙ্গিনাটায়। সকাল থেকে ঘুমের ঘড়ি না পড়া পর্যন্ত কতো কি মজার মজার ঘটনা ঘটে চলেছে দেখতেম এই দিকটাতে। কতক স্তর্কির রাস্তায়, কতক গোল চাকলার মধ্যেটায়, কতক বা খোলার ঘরগুলোর

ভিতরে এবং বাহিরে, অথবা কোনো বাড়ির ছাতে অনেক দূরে। চলতি-ভাষায় দেন একটা চলনদই নাটক দেখতি। খুব বড়ো ট্র্যাঙ্গেডি কি কমেডি নয়, কিন্তু কতক নড়াচড়া, কতক হাবভাব, কতক বা একটা ছবি—এই দিয়ে ভরতি একটা প্রহদন দেখতি বলতে পারি। দকালে চোথ খোলা থেকে আরম্ভ করে রাত দশটায় চোখের পাতা বন্ধ করা পর্যন্ত একটা বড়ো নাটক দেখার মতো ছুটি নেই এখন, কিন্তু এটুকু অবদর পেয়েছিলেম তখন। নিত্য নতুন উত্তর চরিতের এক-এক অঙ্কের মতো—এই নাটক শুকু হতো এবং শেষ হতো যে-ভাবে তার একটু হিদেব দিই।

তথনও বাড়িতে জলের কল বদেনি। রাস্তার ধারে ধারে টানা নহর বয়ে কলের জল আদে। রোজই দেখি এক ভিস্তি, গায়ে তার হাত-কাটা নীলজামা, কোমরে খানিক লাল শালু জড়ানো, মাথায় পোন্ট অফিদের গম্বুজের মতো উচু শাদা টুপি—নহরের পাশে দাঁড়িয়ে চামড়ার মোধোকে জল ভরে। মোধ-কালো চামড়ার মোধোকটা ঘাড় হুলে

হাঁ করে জল খায়, যেন একটা জল-জন্ম ; পেটটা তার ক্রমেই ফুলতে ফুলতে চকচক করতে থাকে। মোধোকটা ফাটার উপক্রম হতেই ভিন্তি একটা সরু চামড়ার গলাট দিয়ে সেটাকে বেঁধে নিয়ে গায়ের জল মুছিয়ে যেন পোষা জানোয়ারের মতে। পিঠে তুলে নিয়ে চলে যায়, খানিক দৌড়, খানিক আস্তে চলা মিলিয়ে একটা চমংকার চালে মার্টির দিকে বুক ঝুঁকিয়ে। বাঁধা কাজে বাঁধা ভিন্তি, তার চাল-চোল সমস্তই এমন বাঁধা ছিলো যে মনেই আসতো না দে মরতে পারে, বদলাতে পারে। ঘডির মতো দম্ভর-মাফিক বাঁধা নিয়মে কাজ বাজিয়ে চলতো; দাঁড়াভো যেখানকার দেখানে, জল ভরতো যেখানকার দেখানে, চলে যেতোও যেখানকার দেখানে দিনের পর দিন। তার চেহারা দেখিনি; শুধু তার চলার ভঙ্গা, কাপড়ের রঙ— এই বিশেষত্ব দিয়েই তাকে আমি দেখতে পাই— সেকাল একাল সব কালেই সে একই ভিস্তি। কাকগুলো যে-ভাবে কালের পরিবর্তন ছাড়িয়েছে, ভিস্তিগুলোও সেই ভাবে তথনও যে এখনও দে রয়েছে ভিস্তিই। কৃষ্ণনগরের ভিস্তি পুতুল, যাত্রার সাজা ভিস্তি, বহুরূপীর ভিস্তি, আরব্য উপন্যাদের ভিস্তি—সবগুলোর সঙ্গে মিলে আছে সেই পঞ্চাশ বছর আগেকার ভিস্তি একজন, যে ঘড়ি ধরে জল ভরতো মোধোকে। সেই সেকালের ভিস্তির বেশে বা চেহারায় যদি একটু বিশেষত্ব থাকতো তবে একালের ভিস্তির সঙ্গে অভিন্ন হতে পারতোই না সে—সে যেন একটা সনাতন চিরন্তন জীবের মতো তথনোছিলো এথনো আছে।

ভিস্তি চলে যাবার সঙ্গে সঙ্গেই মাথায় ফেটি বেঁণে ছু'হাতে ছুই ঝাঁটা নিয়ে দেখা দিতো একটা মানুষ। জাতে সে ডোম, তার নাম ছিলো জীরাম, কিন্তু ডাকতো সবাই ছীরে বলে। সে ছুই হাত খেলিয়ে চট্পট ছুটো কলমের মতো করে কাটা ঝাঁটা বুলিয়ে যায়। নিমেষে সব রাস্তাই টেউ খেলানে। ছুই প্রস্থ রেখায় অতি আশ্চর্য অতি পরিকার ভাবে নক্সা টানা হয়ে যায়। চমংকার চুনোট-করা গেরুয়া কাপড়ে সমস্ত সদর রাস্তাটা যেন মোড়া হয়ে থাকে খানিকক্ষণ ধরে। রাস্তার আটিই, ধুলোর আটিই, ডবল

वाँगित वार्षिके—जात काक (मर्ट्स टार्स क्ल थाकरजा কতোক্ষণ। আমরা যেমন ছবির নানা কাজে নানা রকম সরু মোটা ভোঁতা চেটালো তুলি রাখি, আমাদের ছীরে মেথরও কাছে রাথতো রকম-বেরকম ঝাটা। রাস্তার ঝাটা ছিলো তার কলমের মতো ডগার একধারে ছোলা: জলের নর্দমা পরিকার করবার জন্মে রাখতো দে দাড়ি কামানো বুরুশের মতো ছোটো এবং মুড়ে। ঝাঁটা; বাগানের পাতা-লতা কুটো-কাটা ঝাঁটানোর জন্মে ছিলো চোঁচের মতো থোঁচা ত্ব'ফাঁক ঝাঁটা যাতে সামান্য কুটোটিও ঝুড়িতে তুলে নেওয়া চলে অনায়াদে; উঠোন, দালান, বারান্দা ঝাঁটানোর বাঁটা ছিলো চামরের মতো হালকা ফুরফুরে, বাতাদের মতো হালকা পরশ বুলিয়ে চলতো মেন্দের উপরে। এই নানারকম ঝাঁটার খেলা খেলিয়ে চলে যেতো দে রোজই। আঙ্গিনা, রাস্তা, অলি-গলি, বারান্দা ঝেঁটিয়ে যেতো ছাঁরু যথন তকতকে পরিষ্কার করে, তথন তারই উপরে চলতে। যাত্রা অভিনয় আবার।

এবারে কেবল চলন্ত ছবি ! একটা ছোট্ট টাট্টু ঘোড়া, তার

চেয়ে ছোট্ট একটা পালকি-গাড়ি টানতে টানতে পুরনো বাড়ির ফটকে এসে দাঁড়াতেই বাক্সর মতো ছোট্ট গাড়ি থেকে মোটা-সোটা গম্ভীর এক বাবু নেমে পড়েন, মাথার চুল তাঁর কদম ফুলের মতে। ছাঁটা। সোয়ারি নামতে না নামতে বোঁ করে গাড়িটা গোল চক্করের পশ্চিম দিকের অশ্বথ তলায় গিয়ে দাঁড়িয়ে ঘোড়াটাকে ছেড়ে দেয়। ছোট ঘোড়া অমনি ছোট ফটক ঠেলে কচি ঘাস চোর কাটা ছিঁড়ে ছিঁড়ে থেতে লাগে, আর গাড়িখানা কুমির পোকার শুঁড়ের মতো বোম জোড়া আকাশে উচিয়ে নৈখত কোণের দিকে চেয়ে তার বাবুর জন্যে অপেকা করে থাকে।

একটা ছাতি আন্তে আন্তে ফটকের দিকে এগিয়ে চলে, অথচ মানুষ দেখিনে তার নিচে। হঠাং দেউড়ির কাছে এসে ছাতিটা বন্ধ হয়ে তলাকার ছোট্ট মানুষটিকে প্রকাশ করে দেয়—মাথায় চকচকে টাক, ছোট্ট যেন একটি মাটির পুতুলের মতো বেঁটেখাটো মানুষটি। ঘণ্টা বাজে এবার সাতবার, তারপর থানিক ঢং ঢং ঢং টান দিয়ে সাড়ে সাত

বুঝিয়ে থামে। রোদ এদে পড়ে লাল রাস্তার উপরে একফালি দোনার কাগজের মতো।

চীনেদের থিয়েটার দেখা যেমন খাওয়া দাওয়া গল্প গুজবের সঙ্গে চলে, আমাদের যাত্রা দেখা যেমন—খানিক দেখে উঠে গিয়ে তামাক খেয়ে নিয়ে, কিন্তা হয়তো ঘরে গিয়ে এক ঘুম ঘুমিয়ে এদেও দেখা চলে, তেমনি ভাবের দেখা শোনা চলতো এই উত্তর দিকের জানলায় বদে।

হয়তো ঘরের ওধারে একটা কৌচের তলায় চুকে রবারের গোলাটা পালায় কোথায় এই সমস্থার মামাংসা করতে কৌচের তলায় নিজেই একবার চুকে পড়তে চলেছি, পা ছটো আমার হারু সহরের দরজায় গিয়ে ঠেকে ঠেকে, ঠিক সেই সময় থড়থড়ির আসরের দিক থেকে ঘোড়দৌড়ের শব্দ আর সহিসদের হৈ-হৈ রব উঠলো। অমনি নিজের রিজার্ভ বক্সে হাজির। দেখি গোল চক্কর ঘিরে ঘোড়দৌড় বেধে গেছে! সহিস, কোচম্যান, দরোয়ান যে যেখানে ছিলো দবাই মিলে ঘোড়া পালানো আর ঘোড়া ধরার অভিনয় করতে লেগে গেছে। এই অশ্বমেধের ঘোড়া ধরা

দিয়ে সকালের উত্তর-কাণ্ডের পালা প্রায়ই বেলা দশটাতে কিছুক্ষণের জন্মে বন্ধ হতো। স্নান আহারের জন্মে একটা মস্তো ইণ্টারভাল্। যাত্রা নিশ্চয়ই চলতো তথনো—কেন না এই উত্তর আঙ্গিনাটা ছিলো সাধারণ দিক; বাজির কাজকর্মে লোকের যাতায়াতের অন্ত ছিলো না, কামাই ছিলো না সেথানে। প্রবেশ আর প্রস্থান—এই ছিলো ওদিকের নিত্যকার ঘটনা।

ছুপুরবেলা নিঝুমের পালা চলেছে এখানটায় দেখি। উত্তরের আঙ্গিনার পশ্চিম কোণে আধখানা ভেঁতুল আর আধখানা বাদাম গাছের ছাওয়াতে খোলার ঘরটা—ঘরের চাল ধনুকের মতো বেঁকে প্রায় মাটি ছুঁয়েচে। ঘরের সামনে আধখানা মাটিতে পোঁতা একটা মেটে জালা, তাই থেকে ছাঁরে মেথর জল তুলে তুলে গা ধুছে আর ক্রমান্বয়ে ইংরিজিতে নিজের বোকে গাল পাড়ছে, আর বোটা বাংলাতে বকে চলেছে তার সঙ্গে। আস্তাবলের সামনে থাটিয়া, তার উপরে পাতা কালো

কম্বল, তাতেই শুয়ে ঝকঝকে ঘোড়ার সাজ আর শিকলি।

ঘরের মধ্যে ছোট্ট একটা টাট্রু ঘোড়ার শেষের পা ছুটো আর চামরের মতো ল্যাজটা দেখা যায়। ল্যাজটা ছপ্ ছপ্করে মশা তাড়ায়, আর পা-ছুটো তালে তালে ওঠে পড়ে, কাঠের মেঝেতে খটাস খটু শব্দ করে। গোল চকরের পশ্চিমে আর একটা পাঁচিল-ঘেরা চৌকোনা জায়গা, কথনো কপি কথনো বেগুন এই চুই রঙের পাতায় ভরাই থাকতো দেটা। চক্করের পুরধারে আর একটা ঘের। জমি, দেটার ফটকের তুই ধারের দেওয়ালে চ্ন-বালিতে পরিষ্কার করে তোল। ছুটো হাতি নিশেন পিঠে পাহারা দিচ্ছে। টিনের একটা খালি ক্যানেস্তারা কাদায় উলটে পড়ে আছে ; দেইখানটায় হিজিবিজি চাকার দাগ রাস্তায় পড়েছে, তাতে একটু জল বেণে আছে; পাতিহাস ক'টা হেলতে তুলতে এসে সেই কাদাজলে নাইতে লেগে যায়। থেকে থেকে মাপা ডোবায় জলে আর ভোলে, ল্যাজের পালক কাঁপায়, শেষে এক-পায়ে দাঁড়িয়ে ভিছে মাণা, নিজের পিঠে ঘদে আর ঠোঁট দিয়ে গা চুলকে চলে। একটা বুড়ো রামছাগল ফ্স করে রাস্তা থেকে একটা লেথা কাগজ তুলে গিলে ফেলে চট্পট্, তারপর গম্ভার ভাবে এদিক ওদিক চেয়ে চলে যায় সোজা ফটক পেরিয়ে রাস্তা বেড়াতে দুপুরবেলা।

গোল চক্করের পুব গায়ে একটা আধ-গোল আধ-চোকো চক্কর—মরচে ধরা ফুটো ক্যানেস্থারা, খড়কুটো, ভাঙ্গা গামলা, পুরনো তক্তপোশের উই-খাওয়া ফর্মা আর এক-রাশ ছেঁড়া খাতায় ভরতি। সেখানে গোটা কয়েক মুরগি চরে—ছাই রঙ, পাটকেল রঙ। শাদা একটা মস্ত মোরগ, তার লাল টুপি মাথায়, পায়ে হলদে মোজা, গায়ের পালক যেন হাতির দাঁতকে ছুলে কেউ বিসমেছে একটির পাশে আর একটি। মোরোগটা গোল চক্করের ফটকের একটা পিলপে দখল করে বসে থাকে, নড়ে না চড়ে না।

বেলা চারটে পর্যন্ত এই ভাবে নিঝুমের পালা চলে। চং চং করে আবার ঘড়ি পড়ে। একটার পর একটা ইস্কুল গাড়ি, আফিস গাড়ি, পাল্কি এসে দলে দলে সোয়ারি নামিয়ে চলে।

গোবিন্দ থোঁড়া রাজেন্দ্র মল্লিকের ওথানে রোজই ভাত

খায় আর আমাদের গোল চক্করটাতে হাওয়া খেতে আদে। কতোকালের পুরনো আঁকাবাঁকা গাছের ভালের মতো শক্ত তার চেহারা, ঠিক যেন বাইবেল কি আরবা উপস্থাদের একটা ছবির থেকে নেমে এদেছে। গোল বাগানের ফটকের একটা পিলপে ছিলো তার পিঠের ঠেন। বৈকালে দেখানটাতে কারো বদবার যো ছিলে। না। বাদশার মতো গোবিন্দ থোঁডা তার সিংহাসনে থোঁডা পা ছড়িয়ে বদে যেতাে! পাহারাওয়ালা, কাবুলিওয়ালা, জ্মাদার, সরকার, চাকর, দাসা-স্বার দক্ষেই আলাপ চলে, খাতিরও সকলের কাজে মথেষ্ট তার। শহর-ঘোরা সে যেন একটা চলতি খবরের কাগছ কিংবা কলিকাতা গেছেট। পাঁচিলের উপর বদে দে খবর বিলোতো। শুনেছি প্রথমবার প্রিন্স মাসবার সময় পুলিশ থেকে তেল বিলিয়ে গরিবদের ঘরেও দেওয়ালা দেবার ব্যবস্থা করা হয়েছিলো। গোবিন্দর ঘর-ছুয়োর কিছুই নেই---দে ভোজনং যত্র তত্র, শয়নং হটুমন্দিরে গোছের মানুষ.[⊀] এটা পাহারাওয়ালারা সবাই জানতো। তারা গোবিন্দকে

ধরে বসলো পিতুম জ্বালাতেই হবে—ঘর না থাকে ঘর ভাড়া করেও পিত্নম জ্বালানো চাই। গোবিন্দ তথন আমাদের গোল চরুরে দরবারে বসেছে; পুলিশের রহস্যটা বুঝেও যেন দে বোঝেনি এইভাবে পাহারাওলাকে শুধুলে, 'দরকার থেকে কতোটা তেল গরিবদের দেওয়ানোর ভুকুম হ'লো?' এক-পলা করে তেল বিনামূল্যে দেওয়ানোর কথা যেমন পুলিশম্যান গোবিন্দকে বলা, অমনি জবাব দঙ্গে দঙ্গে—'যাঃ যাঃ, তোর বড়োদায়েবকে বলিস, গোবিন্দ এক সের তেল নিজে থেকে খরচ করচে।' ভিক্টোর হিউগোর গল্পের একটা ভিখিরীর দর্ণারের মতো এই গোবিন্দ থোঁড়ার প্রতাপ আর প্রতিষ্ঠা ছিলো তথনকার দিনে। এখন হলে পুলিশের সঙ্গে তকরার, সিডিশান, রাজদ্রোহ, এমনি কিছুতে ধরা পড়ে যেতো নিশ্চয় গোবিন্দ।

এদিকে গোবিন্দ খোঁড়ার দরবার গোল চক্করের পাঁচিলে, ওদিকে নহবতখানার ছাতে বদেছে তখন আমাদের সমশের কোচম্যানের মজলিশ দড়ির থাটিয়া পেতে। সে যেন দ্বিতীয় টিপু স্থলতান বদে গেছে ফরদি হাতে। হাবসির মতো কালো রঙ, মাথার চুল বাবরিকাটা, পরনে শাদা লুঙ্গি, হাতকাটা মেরজাই, চোথে স্রর্মা, মেদিতে লাল মোচড়ানে: গোঁফ, সিংথকাটা দাভি। বাবামশায় হাওয়া থেতে যাবার পূর্বে ঠিক সময়ে সে সেক্তেগুজে বার হতো। চুড়িদার পাজামা, রূপোলি বকলদ দেওয়া বানিশ জুতো, আঙুলে রূপো বাঁরা ফিরোজার আংটি, গায়ে জরিপাড়ের লাল বনাতের বুক কাটা কাবা তক্ষা बांछा, कार्य कूल-काछा क्याल, याथाय थालात मरा মস্ত একটা শামলা, কোমরে চুই দহিদে মিলে জড়িয়ে দিয়েছে লম্বা সাপের মতে। জরির কোমর-বন্ধ। ফিটফাট হয়ে সমশের লাল চক্তরের পাঁচিলে চাবুক হাতে দাঁড়াতো আর সহিস শাদ। জুড়ির ঘোড়া ছুটোকে চক্করের মধ্যে ছেড়ে দিয়ে বাইরে থেকে ফটক বন্ধ করে দিতো। তথন শাদা ঘোড়া ছুটোকে প্রায় দশ মিনিট দার্কাদের ঘোড়ার মতো চক্কর দিইয়ে তবে গাড়িতে জোতার নিয়ম ছিলো। পাছে রাস্তায় ঘোড়া কচ্জাতি করে দেই জন্মে তাদের আগে থাকতে টিট করাই উদ্দেশ্য। এই চুর্দান্ত কোচম্যান, বোড়াও তার তেমনি, গাড়িখানা থেকে ঝড়ের মতো বেরিয়ে পড়তো। কোচবান্ধের উপরে দেখতেম খাড়া দাঁড়িয়ে সমশের হাকড়াচ্ছে চাবুক! ফেটিং-গাড়ি ছিলো পুব উচু। গাড়িবারান্দার থিলেনের কাছটাতে এসেই বাপ করে দমশের নিজের আসনে বদে পড়েতা গন্তীর হয়ে! তারপরে এক সময়ে ঘোড়া, গাড়ি, কোচম্যান, দাজগোজ, নব নিয়ে একটা জমজমাট শোভাঘাত্রার দৃশ্য রাস্তার উপর থানিক ঝলক টেনে বেরিয়ে যেতো গডের মাঠে—আতর গোলাপের থোশবৃতে যেন উত্তর দিকটা মাত করে দিয়ে।

এরই একটু পরেই নন্দ ফরাশ ছু'হাতে আঙুলের ফাঁকে বড়ো বড়ো তেলবাতির সেজ ছুটো অন্তুত কায়দাতে হাতের তেলোয় অটল ভাবে বসিয়ে উঠে চলতো ফরাশথানা থেকে বৈঠকথানায়। তারপর ড়প পড়তো রঙ্গমঞ্চে, এবং নোটো থোঁড়া, নন্দ ফরাশ ছুয়ে মিলে বেহালা বাদন দিয়ে সেদিনের মতো পালা দাঙ্গ হতো সঙ্গেবেলায়। তথন

পিছুমের ধারে বদে রূপকথা শোনা, ইকড়ি মিকড়ি, ঘুঁটি-থেলার সময় আসতে।

সেই ঘরের এককোণে বদে রূপকথা বলে একটা দাসী— লাসাটার চেয়ে তার রূপকথাটাকে বেশি মনে পড়ে। এই দাদীটা ছিলো আমার ছোটো বোনের। দে বলে তার দাসীর নাম ছিলো মঞ্জরা। আর দোয়ারি চাকর এই কবিত্বপূর্ণ মঞ্জরা নামটির নাকের ডগাটা বঁটির ঘায়ে উড়িয়ে দিয়েছিলে। তাও বলে দে; কিন্তু আমি দেখি মঞ্জরীকে শুধু একটা গড়া-পরা নাক ভাঙা নাম, বদে মাছে একটা লাল চামড়ার তোরঙ্গ ঠেদ দিয়ে তুই পা ছড়িয়ে। তোরঙ্গটার সকল গায়ে পিতলের পেরেক মালার মতো করে আঁটা। মঞ্জরী বিনেমান্তেছ আর কথা বলছে: 'এক ছিলো টুন্টুনি--দে নিমগাছে বাদা ন। বেঁদে রাজবাড়ির ছাতের আল্সেতে থাকে, আর রাজপুতুরের তোশক থেকে হুলো চুরি করে করে ছোট্ট একটি বাস। বাঁধে।

ছাতে ওঁচবার সিড়ি বলে একটা কিছু নেই তথনো আমার

कार्ष्ट, अथर हेन्ट्रेनित वामात्र काष्ट्रोय- अरकवारत नील আকাশের গায়ে, ছাতের কার্নিদে উঠে গিয়ে বসি পা ঝুলিয়ে। এমনি দিনের বেলায় রূপকথার দি ডি ধরে পাথির সঙ্গে পেতেম ছাতের উপরের দিকটা। আবার রোজই নিশুতি রাতে মাথার উপরে পেতেম শুনতে হুটোপুটি করছে ছাত্টা—ভাটা গড়গড় গড়াচ্ছে, তুমতুম লাফাচ্ছে! ছাতটা তথন ঠেকতো ঠিক একটা অন্ধকার মহারণ্য বলে—যেখানে সন্ধ্যেবেলা গাছে গাছে ভৌদ্ভ করে লাফালাফি, আর আকাশ থেকে জুই ফুল টিকিতে বেঁধে ব্ৰহ্মদৈত্য থাকে এ-ছাত ও-ছাত পা মেলে দাঁড়িয়ে। এমনি করে গল্প-কথার মধ্যে দিয়ে কতো কি দেখেছি তথন! যথন চোথও চলে না বেশিনুর, পা-ও হাঁটে না অনেকথানি, তথন কান ছিলো সহায়। সে এনে পৌছে দিতো কাছে ছাত, হাতে এনে দিতো কমলাফুলির টিয়ে-পাখি, চড়িয়ে দিতো আগড়ুম-বাগড়ুম ঘোড়ায়, লাটদাহেবের পালকিতে এবং নিয়ে যেতো মাসিপিশির বনের ধারের ঘরটাতে আর মামার বাড়ির ছুয়োরেও!

गारात व्यानकश्वीन नामी जिल्ला— मोत्रजी, मक्षती, कामिनी কতো কি তাদের নাম! অনেকদিন অন্তর দেশে যেতো এরা সব গাঁয়ের মেয়ে—অনেকদিন পরে ফিরতো আবার। কথনো বা এরা দলবেঁধে যেতো গঙ্গা নাইতে পার্বণে, আর নিয়ে আসতো চু'চারটে করে খেলনা, পীরের ঘোড়া, সবজে টিয়ে, কাঠের পাল্কি, মাটির জগন্নাথ, দোনার ময়ুর। আতা গাছে তোতা, ঢে কি, বঁটি। এমনি জানা রূপকথার দেশের, ছড়ার দেশের পশু, পক্ষা, ফুল, ফল, তৈজ্ঞসপত্র দ্বাইকে পেতেম চোণের কাছেই কিন্তু মাদিপিশির ঘর আর মামার বাডি দেখা দিয়েও দিতে। না—বাডির ভাতের মতোই অজ্ঞাতবাদে ছিলো। মঞ্জরা দাদী একমাত্র ছিলো, ্থয়ালমতো থোলা জানলার ধারে তুলে ধরতে। আর ালতো—এ লাখ্মামার বাড়ি! বাড়ির সন্ধানে উত্তর মাকাশ হাত্ড়াতো চোথ, দেখতে। না একখানিও ইট, শুধু শড়তো চোথে তথন আমাদের বাড়ির উত্তর-পশ্চিম কোণে াস্ত তেঁতুল গাছটার শিয়রে মন্দিরের চুড়োর মতো শাদা াদা মেঘ স্থির হয়ে আছে ! ঐটুকু দেখিয়েই দাসী নামিয়ে

দিতে। কোল থেকে খড়খড়ির তলার মেঝেতে। তারপর সে দরজা-জানলা বন্ধ করে দিয়ে রান্ধাবাড়িতে ভাত খেতে যেতো একটা বগি-থালা সিন্দুকের পাশ থেকে তুলে নিয়ে।

প্রায় রাতেরই মতে৷ চুপচাপ আর অন্ধকার হয়ে যেতে৷ ঘরপানা দিনে দ্বপুরে। দবজে খড়খড়িগুলো সোনালি দাঁড়ি টান। একটা-একটা ডুরে-কাপড়ের পদার মতে। ঝুলতো চৌকাঠ থেকে – কাঠের তৈরি বলে মনেই হতো না জানলাগুলো! স্ততোর সঞ্চারে পৌছতো এসে আকাশের দিক থেকে চিলের ডাক। বাতাদেরও ডাক খুব মিহি স্থর দিয়ে কানে আদতে।—ঝড়ের একটা আবছায়া মনে পড়তো—একটা চুটো কোমল টান প্রথমে, তারপর খানিক চড়া স্থর, তারপর বেশ একটা ফাঁক, তার ঠিক পরেই একটানা তাঁত্র স্থর বাতাদের। এমনি গোটা চুই তিন আওয়াজ আর কিছু নেই যথন তিনতলায়, তথন সেই নিঃদাড়াতে চোথ চুটো দেখতে বার হতো—যেন রাতের শিকারो জন্ত খুজতো। এটা, ওটা, সেটা, এদিক, ওদিক,

দেশিক, সন্ধানে চলতো সেদিনের আমিও তক্তার নিচে, দি'ড়ির কোণে, সাদির কাঁকে, আয়নার উল্টো পিঠে এবং চৌকি বেয়ে আলমারির চালে নানা জিনিদ আবিক্ষার করার দিকে। ছাতের কথা ভলেই যাই— তখন ঘর দেখতেই মশগুল থাকে মন! এক ছোটো ছেলেমেয়েদের ছাড়া এই সময়টাতে খানিকক্ষণের মতে। কাউকে পেতে। না তিনতলার ঘরগুলো। কাজেই এ-সময়ে আমাদের সঙ্গে যেন ছাড়া পেয়ে জিনিদগুলোও হচাং বেচে উঠতো, এবং তারাও বেরিয়েছে দিন ত্বপুরের অন্ধকারে খেলার চেক্টায়—এটা ভাবে জানাতো

দারা তিনতলার দেওয়াল, ছবি, দিছি, তক্তা, আলমারি, ফুলদানি, মায় মেঝেতে পাতা মস্ত জমিজমা এবং কড়িতে ঝোলানোর পাথাগুলোর দঙ্গে এমনি করে ছপুরে ঘরে ঘরে ফিরে আর উকি দিয়ে, দারা তিনতলা কতোদিনে পেয়েছিলেম, পুরোপুরি ভাবে তা বলা যায় না। একটা দোলনা-খাট—ছোট্ট, দেটা খাট থাকতে থাকতে হঠাং কবে একদিন জাহাজ হয়ে উঠলো এবং ছলে ছলে

यांगाम्बर निरा मगुरा हलाहल शुक्र कदाल। यस जाजिय বিছানা ক'ছোড়া ছোটো হাতের তাড়ায় যেন ফুলে ফুলে উঠলো—যেন ক্ষার দাগরে ঢেউ ভূলে। তক্তার উপরটার চেয়ে ভক্তার নিচেটা কবে যে আপনাকে ভারি নিরিবিলি আরামের জায়গা বলে জানিয়েছিলো কোন তারিখে. কোন বছরে, কতোকাল আগেই বা— তা কি মনে থাকে ? জানিনে, ভুলে গেছি এই হলো উত্তর তারিখের বেলায়। কিন্তু জিনিসের বেলাতে একেবারে তা নয় —এখনো পঞ্চাশ বছর আগেকার ঘরে ঘরে কোথায় কি তা স্পান্ট দেখছি আমি — জিনিদগুলোকে একটুও ভুলিনি। কিন্তু আশ্চর্য এই, মাসুষদের মধ্যে অনেকের চেহারাই লোপ পেয়ে গেছে এই তিনতলার থেকে, যেটার কথা আজু বলছি। কাঠের বেড়া দেওয়া দোলনা-খাট জাহাজ-জাহাজ খেলে যে-কোণে বদে আমাদের দঙ্গে, দেখান থেকে দেখা যায় উত্তরে সরু একফালি দেওয়ালে ঝোলানো একটি ছোট্ট আলমারি—ওষ্ধ থাকে তার মধ্যে। এই আলমারির চালে বসানো রয়েছে দেখি হলদে মাটির নাড়ুগোপাল। সে হামাগুড়ি দিতে দিতে হঠাৎ থেমে গিয়ে ডান হাতের মস্ত নাড়ুটা এগিয়ে দিয়ে চেয়ে আছেই আমার দিকে। এই গোপাল ছেলেটির পাশে দাঁড়িয়ে রয়েছে রোগাপানা সরু গলার একটা নীল কাচের বোতল—রাঙা, হলুদ, কালো, শাদা রঙের টিকিট আঁটা সেটার গায়ে। নাড়ু দিয়ে লোভ দেখাতো মাটির হলেও নাড়ুগোপালটি। আর বিস্বাদ তেলের চু'তিন চামচ নিয়ে বদে থাকতো নীল কাচের বোতলটা। রঙিন টিকিট দিয়ে ভোলাতে চাইতো, কিন্তু পারতো না! আর একটা জিনিসকে দেখতে পাই—আনারপুরের জালি-কাপড়ে মোড়া একটা মস্ত ঢাকনা। ছোটো বোন যখন ছোটো ছিলো সে এই ঢাকনে পাথির মতো ঘুমের সময় চাপা পড়তো। যথন তাকে দেখেছি তথন সেটার কাজ গেছে। থালি ঢাকনাটা তথনো কিন্তু ঘরের পশ্চিম গারে মস্ত একটা আলমারির চালে চড়ায়-বেধে-যাওয়া উল্টোনো নৌকার ছইখানার মতো কাত হয়ে থাকে। ঘরের দক্ষিণ গায়ে দেখতে পাই তিনটে মোটা মোটা পল্তোলা থাম। অন্ধকারের পর্দার

উপরে মাঝের থামটা থেকে একগাছা মশারির দড়ি ঝুলছে, তার গায়ে সারিদারি মাছি বসে গেছে— কালো কালো ফুলের কুড়ির মতো, নড়ে না চড়ে না ! আমাদের ঘরের পশ্চিম গায়ে আর একটা ক্যান্থিদের বেড়াখেরা ঘর, চমংকার করে সাজানে। মায়ের বসবার ঘর সেটা। সেখানে প্রত্যেক জিনিসটি দেখতে পাচ্ছি স্পষ্ট স্পাট —যেগানকার যা ধরা রয়েছে, সব ঠিক ঠিক! আজও মনের মধ্যে রয়েছে—এই ঘরটার পুবদিকের দরজার কাছে একেবারে কাচের মতো পিছল কালো বানিশ মাথানে। বাদামা টেবিল একটা পায়ে দাঁড়িয়ে। টেবিলের কিনারায় সোনালি পাড়, ঠিক মাঝে একটা পাহাড় আর সরোবরের ছবি লেখা। এই টেবিলের নিচে একটা কেমন-তরো কল ছিলো, সেটাতে জোরে টান দিলেই টেবিলের উপরটা কাত হয়ে ফেলে দেয় বই, কাগজ, সেলায়ের বাক্স, উলবোনার কাঠি ইত্যাদি টুকিটাকি ! এই টেবিলটার সামনে থাকে হলদে কাঠের ছোট্ট একথানা চৌকি कुलकाठा कार्त्र हे त्यांड़ा, र्हा नित्न महा डांड इरा शंड- পা গুটিয়ে হঠাৎ চ্যাপটা হয়ে পড়ে যায় মাটিতে। এই ঘরে থাকে কাঠির মতো সরু সরু পা একজোডা ইটালিয়ান কুকুর--কাচের পুতুলের মতো ছোট্ট। কুকুর ছুটো পাঁউরুটি, বিস্কট, মুরগির ডিম খায়। আমার জন্যে পড়ে থাকে কৌচের নিচে খালি ডিমের খোলাটা। লুকিয়ে ্সেটা চিবিয়ে থেয়ে ধরা পড়ে যাই। হঠাৎ পিঠে পড়ে বেত, নীলমাধব ডাক্তার এসে প্রাক্ষা করেন আমার হাইড়োফোবিয়া হয় কি না; মা, পিশি, দার্দা, দবাই ছি ভি করতে থাকে; বাবামশায় হুকুম দেন আমাকে মংলু মেথারের কাছে পাটিয়ে দিতে। মেথারের দক্ষে থাকতে হবে শুনে ভয়ে মুণায় লক্ষায় কাঠ হয়ে দাঁড়িয়ে থাকি আমি। শেষে দেয়ালের দিকে একঘণ্টা মুখ ফিরিয়ে পাকার শান্তিটা বাবামশায় দিয়ে চলে যান অন্য ঘরে। তখন কুকুর ছুটোকে একদিন কি করে মেরে ফেলা যায় তারই ফন্দি আটি মেঝেতে পাত। মস্ত গালচের দিকে চেয়ে। এই গালচেখানাকে মনে পড়ে—বড়ো বড়ো সবজে পাতা আর শাদা ধুঁতরো ফুল, কালো জমির উপরে বোনা। ক'টা কৌচ নাল আর শাদা ছিট মোড়া রয়েছে এথানে ওথানে, আঁকা বাঁকা করে সাজানো। হুটো কৌচ চন্দ্রপুলির গড়ন, আর একটা দেখতে যেন তিনটে ব্যাণ্ড একদঙ্গে পিঠে পিঠে জোড়া কিন্তু ঝগড়া করে তিনদিকে মুখ ফিরিয়ে বদে আছে। ডবল ব্র্যাকেটের মতো করে কাটা, গোলাপী রণ্ডের ছোপ ধরানো মার্বেল পাথরের একটা টেবিল এক কোণে রয়েছে, তার উপরে পাথরে-কাটা চুটি পায়রা ফল থেতে নেমেছে—সভিকোর মতো পাখির আরু আপেলের রঙ দেখে লোভ জাগে মনে। ঘরের পশ্চিম-দক্ষিণ কোণে বড়ো হলটাতে উঠে যাবার পাঁচ ধাপ দি ড়ি—তারই গায়ে অনেক উপরে একটা ব্র্যাকেটে তোলা আছে, চৌকো কাচের ঢাকনা দেওয়া, গোপাল পালের গড়া লক্ষ্মী আর দরস্বতী—ছোট্ট ছোট্ট আদল মানুষের মতো রঙ-করা কাপড় পরানো। দেশী কুমোরের হাতে গড়া এই খেলনা দেবতার কাছেই, দরজার উপর খাটানো চওড়া গিলটির ফ্রেমে বাঁধানো, তেল রঙ-করা বিলিতি একটা মেমের ছবি। চোথ তার কালো, চুল কটা নয় একটুও, মাথায় একটা রাঙা কানঢাকা টুপি, থয়েরী মথমলের জামা হাতকাটা, শাদা ঘাঘরা পরনে। সে বাঁহাতে একটা ঝুড়ি নিয়েছে, কমাল ঢাকা চুবড়ির মধ্যে থেকে যেন একটা সত্যিকারের কাচের বোতল গল। বার করেছে। ডান হাত রেখেছে মেয়েটা ঠিক যেন সত্যিকার মস্ত একটা ক্কুরের পিঠে। কুকুর চেয়ে আছে ঝুড়ির দিকে, মেয়েটা চেয়ে আছে কুকুরের দিকে। একেবারে জল-জায়ন্ত মানুম আর কুকুর আর মথমল আর ঝুড়ি আর ব্যান্ডির বোতল— কিছুতেই মনে হতোনা দেটা ছবি নয়।

মায়ের এই বসবার ঘরের পাশেই পশ্চিম দিকে বাবামশায়ের শোবার ঘরট। নতুন করে সাজানো হচ্ছে তথন।
মস্ত একটা চাবি দিয়ে সে ঘরের দরজাট। বন্ধ রয়েছে,
কিন্তু জানছি সেখানে সাহেব নিস্তি লাল, শালা, হলদে,
কালো নানা রকমের বিলাতা টালি কেটে বসাচ্ছে মেঝেতে
— ঠুক্টাক্ থিট্থাট্ ছেনির শব্দ হচ্ছেই সেখানে সারাদিন।
ঘরটা যেদিন খুললো ছুয়োর, সেদিন দেখি সেখানে সব
ক'টা জানলা-দরজার মাথায় মাণায় সোনার জল করা

কার্নিদ বদে গেছে, আর দেগুলো থেকে ফুলকাটা ফিন-ফিনে পর্দা জোড়া জোড়া ঝুলছে, সবজে আর সোনালি রেশমে পাকানো মোট। দড়ার ফাঁকে লটকানো। ঘরজোড়া পালঙ আয়নার মতে। বানিশ করা। ঘরটার পশ্চিমমুখো জানলাটা খুলে তার ওধারটাতে ব্যনিয়েছে অক্ষয় সাহ। ইঞ্জিনিয়ার বাবু একট। গাছঘর, কাঠ আর টিন আর ঘয়। কাচের সাসি দিয়ে। সেখানে দেওয়ালগুলো আগাগোড়া গাড়ের ছালের টুকরে। দিয়ে মুড়ে ভাগবত মালা লটকে দিয়েছে সব বিলিতা দামা প্রগাছা! কোনোটা সাপের ফণার মতো বাঁকা, কোনোটার লম্বা পাতা চুটো সাপের খোলদের মতো ছিট্ দেওয়া ছোরাকাটা। কিন্তু এর একটা পরগাছাতেও ফুলফল কিছুই নেই, কোনোটাতে বা পাতাও নেই, কেবল দোটা আর কাটা।

এই গাছঘরে মাঝে একটা তিনফুকোর দালানের মতো থাঁচা। তারের টেবিলে তাতে হলদে রঙের একজোড়া কেনেরি পাখি ধরা থাকে! শোবার ঘরটা তথনও নিজের দাজ সম্পূর্ণ করেনি ফুলদানি ইত্যাদি দিয়ে। শুধু সরু পাথরের তাকের সঙ্গে হাটা গোল চুল-বাধার আয়না থানা মায়ের রয়েছে একটা দিকে! এই আয়নাথানাকে ঘিরে নিহি গিল্টির পাড়, তাতে সবছে আর শাদা মিনকারি দিয়ে নক্যাকরা ছুইফুল আর কচি পাতার একগাছি গোড়ে মালা। আর এরই সামনে ক্ষটিক কাটা চৌকোনো একটি ফুলদানির মাঝখানে সোনার বোঁটাতে আটকানো যেন বরফ-কুচি দিয়ে গড়া ভুইচাপা সোনার ছাটি তাকে নিয়ে ঝুঁকে পড়েছে। জলের মতে। পরিকার আয়নার দিকে চেয়ে ফুল দেখছে ফুলের একখানি ছায়। স্থির হয়ে!



य-आभन (अ-आभन

ঠিক কতো বয়েস তা মনে নেই কিন্তু এবারে একটা চাকর পেলেম আমি! চাকরের আসল নামটা শ্রীরামলাল কুণ্ডু, নিবাস বর্ধমান বারভূঁই। সে কিন্তু বলতো তার নাম— ছি আম্নাল কুণ্ডু।

ছেলেবেলা থেকে রামলাল ছিলো আমাদের ছোটোকতার কাছে। ঘুমের আগে থানিক পায়ে শুড়শুড়ি না দিলে ছোটোকতার ঘুমই আদতো না, দেই দমস্ত ভার পেয়েছিলো রামলাল। কিন্তু কাজে টিকতে পারলে না। দকাল থেকে দক্ষ্যা একেবারে স্থনিয়মে বাঁধাচালে চলতো ছোটোকতার কাজকর্ম দমস্তই। নিয়মের একচুল এদিক ওদিক হলে ছোটোকতার মেজাজ খারাপ, বুক ধড়কড়, অনিদ্রা— এমনি নানা উৎপাত আরম্ভ হতো। চাকরদের এইদব বুঝে চলতে হতো, না হলেই তংক্ষণাং বরখান্ত! এইসব নিয়মের গোটা কতক বলি, তাহলে হয়তো বোকা যাবে কেন রামলাল ছোটোকতার পদদেবা ছেড়ে ছোটোবাবু— আমার কাছে—পালিয়ে এলো।

শুনেছি দেকালের বড়ো বড়ো পাথরের গোল টেবিলের বাঁকা পায়াগুলো সইতে পারতেন না ছোটোকর্তা। এক চাকরকে প্রত্যহ তোয়ালিয়া দিয়ে টেবিলের পায়া তিনটিকে ঘোমটা পরিয়ে রাখতে হতো, এবং দর্বদা নজর রাখতে হতো তোয়ালিয়া বাতাদে দরে পড়লো কিনা। হু কোবরদার. তার কাছই ভিলো যে প্রথমটানেই সটকা থেকে ধোঁয়া পান যেন কর্তা—একবারের বেশি ছু'বার না টান দিতে र्य। (मुख्यात्म ताँका छवि थाकतम मुनकिम। (छत्मद्रमा থেকে ছোটোকর্তার পা না টিপলে ঘুমই আদতো না, সে জন্ম ছিলো বিশেষ চাকর, যার হাত পরীক্ষা করে ভতি করা হতো কাজে—কড়া হাত ন। হয়। ঘুমের আগে গল্লানা, দকালে খবর শোনানে।-- এমনি নানা কাছে নানা লোক ছিলো। সব চেয়ে শক্ত কাছ তার—যাকে বারোমাসই ছোটোকর্তার আচমনের জল দিতে হতে।। কর্তার অভ্যাদ ছেলেবেলা থেকেই—এক আঁজলা জল চাকরের গায়ে ছিটোতে হবে। তোপ পড়ার দঙ্গে ছোটোকর্তা একবার হাঁচবেনই, নেদিন হাচি এলো না দেদিন ডাক্তারের ডাক পড়লো।

ছোটকতার এইসব অকাট্য নিয়মের কোনটা ভঙ্গ করে যে রামলাল বরখাস্ত হয়েছিলো তা সেও বলেনি, আমিও জানিনে। রামলাল যথন এলে। আমার কাছে তথন সে ছোকর। আর আমি কতে। বড়ো মনেই পড়েনা, শুধু এইটুকু মনে আছে—আমি ধর। আছি তথনো আমাদের তিনতলার মাঝের হল্টাতে। আশপাশের ঘরগুলো থেকে পাঁচ সাতটা দাপ উচুতে এই হল্টা। মস্ত ছাত, বারোটা পলতোল। মোটা মোটা থামের উপর ধরা, থামের মাঝে মানে লোহার রেলিঙ। কড়ি বরগা থাম জানলা দরজার বাহুল্য নিয়ে মস্ত ঘরটা যেন একটা অরণ্য বলে মনে হতো! <u>দেকালের বড়ো বড়ো ঝাড় লণ্ঠন ঝোলাবার হুক আর</u> কড়া—দেগুলোকে দেখে মনে হতো যেন সব টিকটিকি

আর বাহুড় ঝুলে আছে মাথার উপরে—দিনের পর দিন একভাবেই আছে তারা!

এই অনেক দ্বার, অনেক থাম, অনেক কড়ি-বরগা, প্রাচীর আর লোহার রেলিঙ-ঘেরা স্থানটা, এর মধ্যে মস্ত থাঁচায় ধরা ছোট্ট জীব—থাই দাই আর ঘুমোই! এই থাঁচার বাইরে কি ঘটে চলেছে, কি বা আছে, কিছুই জানার উপায় নেই! এক-একবার চারদিকের জানলা ক'টা খুলে যায়—আলো আসে, বাতাস আসে, আবার ঝুপঝাপ বন্ধ হয় জানলা—এই করেই জানি সকাল হলো, ছপুর এলো, বিকেল হলো, রাত হলো।

সম্পূর্ণ ছাড়া পাইনি তথনো আকাশের তলায়, চলতে ফিরতেও পারিনে ইচ্ছামতো। বাড়ির অন্য অংশগুলো থেকেও আলাদা করে ধরা তাই। দাসা হু'একটা কথনো কথনো বদে এদে ঘরটায়, তাদের দেশের কথা বলাবলি করে, মনিবদের গালাগালিও দেয় চুপিচুপি! একটা কালো বেড়াল, রোজই সন্ধ্যায় দেখা দেয়—কি খুঁজতে দে আদে কে জানে—এদিক-ওদিক চেয়ে আস্তে অন্ধকারে মিলিয়ে

যায়! খাট-পালঙগুলো নড়ে না চড়ে না—দিনের বেলায় বালিশ আর তোশকের পাহাড় সাজিয়ে বসে থাকে, আর সন্ধ্যা হলে মশার ভন্তনানির মধ্যে ধুনোর ধোঁয়াতে মশারির ঘোমটা টেনে দাঁড়িয়ে থাকে চুপচাপ। কেমন একটা ফাঁকা ফাঁকা ভাব জাগায় আমার মনে এই ঘরটা। বৈচিত্র্য নেই বললেই হয় ঘরটার মধ্যে। কল্পনা করবারও কিছু নেই এখানটায়!

এই অবিচিত্র ফাঁকার মধ্যে রামলাল যথন আমাকে তার বাবু বলে স্বাকার করে নিলে তথন ভারি একটা আশ্বাস পেলেম। মনে আহ্লাদও হলো—এতোদিনে নিজস্ব কিছু পেলেম আমি! রামলাল আসার পর থেকেই বাড়ির আদব-কায়দাতে দোরস্ত হয়ে ওঠার পালা শুরু হলো আমার। একজন যে ছোটোকর্তা আছেন, তাঁর যে একটা মস্ত বাড়ি আছে অনেক মহলা, সেথানে যে পূজার যাত্রা বসে মথুর কুণ্ডুর—এ-সব জানলেম! অমনি না-দেখা বাড়িনা-দেখা মানুষদের দিয়ে পরিচয় আরম্ভ হয়ে গেলো বাইরেটাতে আর আমাতে! এই সময়টাতেই আরব্য

উপত্যাদের এক টুকরোর মতে৷ এই তিনতলার ঘরটার আগের কথা এবং আগের ছবিটাও পেয়ে গেলাম কার কাছ থেকে তা মনে নেই। এই বাডিটাকে স্বাই ডাকে তথন 'বকুলতলার বাডি' বলে। শুনেছি বাডি ছিলো আগে একতলা বৈঠকখানা। এর দক্ষিণের বাগানে ছিলো মস্ত একটা বকুলগাছ—পাঁচপুরুষ আগে। সেই গাছের নামে বাড়িখানা 'বকুলতলার বাড়ি' বলে চলছে-- আমি যথন এসেছি তথনও! এমনি ছেলেবেলায় চোখে দেখছি যে-মস্ত-হলটাকে একবারেট ফাঁক, শোনাকথার মধ্যে দিয়ে কল্পনাতে সেই বাল্যকালেই দেখতে পাই হল-ঘরটাকে স্থদজ্জিত, যথন লক্ষ্মা অচলা হয়ে আছেন কর্তার কাছে দ্নিরাত তথনকার আমলে।

সেই কালের এই হল্—হল্ বললে ঠিক ভাবটা বোঝায় না—চণ্ডামণ্ডপ তো নয়ই—বারো দোয়ারীর কতকটা আভাস দেয়—কিন্তু ঠিক বুঝি যদি ভেবে নিই, একটা মন্ত জাহাজের ডেক, তিন্তলার উপরে, জল থেকে ভুলে বিসিয়ে দেওয়া হয়েছে! প্রমাণের অতিরিক্ত মোটা মোটা লম্বা লম্বা কড়ি থাম জানলা দরজা এবং আলো হাওয়া আদবার জন্যে আবশ্যকের চেয়ে বেশি পরিমাণ ফাঁক দিয়ে প্রস্তুত আমাদের এই তিনতলার মাঝের ঘরটা! বাইরেটাকে একটুও না ঠেকিয়ে অথচ বাইরের উৎপাত রোদ, রষ্টি, লোকের দৃষ্টি ইত্যাদি থেকে সম্পূর্ণ আগলে অদুত কৌশলে প্রস্তুত করে গেছে ঘরখানা কোন এক সাহেব মিস্ত্রী—সেই নেপোলিয়ানের আমলের অনেক আগে!

এই দাহেবকে আমি যেন দেখতে পাচ্ছি—পরচুল পরা, বেণী বাঁধা, কাঁদির মতো মস্ত গোল টুপিটা মাথায়, গায়ে খয়েরা রঙের দার্টিনের কোট, পায়ে বানিশের জুতো বকলদ দেওয়া, শট প্যাণ্ট, হাটুর উপর পর্যন্ত মোজায় ঢাকা, গলায় একটা দিল্লের রুমাল ফুলের মতো ফাঁপিয়ে বাঁধা! দাহেব এদে উপস্থিত আমাদের কর্তার কাছে পাল্কি চড়ে! কর্তা দটকায় তথন তামাক খাচ্ছেন হাউদে যাবার পূর্বে। দাহেব মস্ত গোল পাথরের টেবিলে মস্ত একখানা বাড়ির নক্সা মেলে ধরেছে, আর একটা

পালকের কলমের উল্টো দিক নক্সার উপরে টেনে টেনে কতা সাহেবকে বোঝাচ্ছেন এ-দেশের নাচ্বর, বৈঠকখানা, তাওখানা প্রভৃতির সঠিক হিদাব। কর্তা বদে, সাহেব দাঁড়িয়ে। এখন হলে একটা মস্ত বেআদবি ঠেকতো, কিন্ত তথন এইটেই ছিলো চাল এবং চল। সাহেব-ইঞ্জিনিয়ার তথন লিখতো নিজের নাম ইংরিজিতে কিন্তু নিজের পেশাটা লেখা থাকতো স্তব্দর বাংলায়—যেমন মিস্টার জর্জ এডওয়ার্ডদ ইভদ্ উপরে, নিচে লেখা 'গৃহনিশ্মাণকর্তা'! কর্ত। ছিলেন ক্রোড়পতি ব্যবসায়া সওদাগর এবং ঐশ্বর্যের দঙ্গে মান-মর্যাদার ইয়তা ছিলো না কর্তার। স্ত্রাং খাশ মুজলিসের স্থানটা কেমনতরো হওয়া উচিত তা যেন সাহেব মিস্ত্রী বুঝে নিয়েই করেছিলে। সূত্রপাত এই তিনতলার ঘরটার। আলো, বাতাদ, জাহাজ, ঘর--- দমস্তকে একটা চমংকার মতলবের মধ্যে সে ঘিরে নিয়ে বানিয়ে গেছে ! এই হল্—ঐশ্বর্গের গৌরবের জোয়ারের চিহ্ন ধরে ধরে একতলা থেকে যথন উঠলে। ক্রমে আশি ফুট উপরে তথন পৃথিবীতে আমি নেই, কিন্তু শোনা-কণার মধ্যে দিয়ে তথনকার ব্যাপার মেন স্পষ্ট দেখতে পাই!—
কতার খাশ মজলিদ বদেছে রাতের বেলা আমার থেকে
চারপুরুষ পূর্বে এই হল্টাতে।

দক্ষিণের চল্লিশফুট ফালিঘরে পড়েছে সাহেবস্তবোর জন্যে রাত্রিভাজের টেবিল অনেকগুলো। টেবিলের উপরে চানের বাসন থরেথরে সাজানো। সব বাসনেই সোনার জল করা রঙিন ফুলের নক্সা। প্রত্যেক বাসনে কর্তার নামের তিনটে অক্ষরের সোনালি ছাপমারা। ঝকঝক করছে রূপোর সামাদনে মোমবাতি। খানসামা সবাই জরি দেওয়া লাল বনাতের উদি-পরা, কোমরে একখানা করে রুমাল।

উত্তরের দিকে একটা বারান্দা—দেখানে আহারের পর আরামে বদে তামাক থাবার ব্যবস্থা রয়েছে—দেখানটাতে হুঁকোবরদার বড়ো বড়ো দোনা রূপোর সটকাতে তামাক সেজে প্রস্তুত, বড়ো দিঁড়ির উপরে চোবদার থাড়া, আসাদোটা হাতে স্থির যেন পুতুল! মানুষ প্রমাণ উচুতে থাম আর রেলিঙ ঘেরা বড়ো হল্—লোকলস্কর থেকে

পৃথক-করা উচু জায়গাটা ঝাড়ে, লগ্ঠনে, বাতির আলোয় জন্জমাট ! ঘরজোড়া প্রকাণ্ড একথানা গালিচা—ঘন লাল আর শাদা ফুলের কারিগরি তাতে।

ঘরের পুব-পশ্চিম ছুটো বড়ো দেওয়ালে ছু'খানা বড়ো বড়ো অয়েল পেনটিং — দাহেব ওস্তাদের আঁকা— বরবেশে এই বংশেরই এক ছেলে আর পেশওয়াজ পরা একটি মেয়ে, ছু'জনেই হারে মানিক আর কিংখাবে মোড়া। এই এখন যেমন খোটাদের বর-দাজ তেমনি ধরনের দাজদজ্জা ছু'জনেরই।

গালিচার উপরে মেহগনি কাঠের বাঘ-থাবা, বাঘমুখো গঠনের কোঁচকেদারা তেপায়া, একটার মতো অন্যটা নয়! আরামে বদার জন্মেই তৈরি এই দব কোঁচ কেদারায় দেই দেকালের লাট-বেলাট-দাহেব দওদাগর ও চৌরঙ্গীর বাদিন্দা—তারা বড়ো বড়ো দটকায় তামাক টানছে, আর তয়ফার নাচ দেখছে গন্তীর হয়ে বদে! দব দাহেবই পাউডার মাথানো পরচুলধারী। হাতে রুমাল আর নস্থদানি! ত্ব'দারি উদিপরা ছোকরা ক্রমাশ্বয়ে বড়ো

বড়ো পাথার বাতাস দিচ্ছে তাদের, আর মজলিসে রূপোর সালবোটে সোনারূপার তবক-মোড়া পান বিলি করে চলেছে। আতরদানি গোলাপ-পাশ ফিরিয়ে চলেছে হরকরা তারা।

পাশের একটা খাশকামরা—উত্তর দক্ষিণ ও পুব তিনদিক খোলা—দেখানে কর্তার সঙ্গে মুরুবির সাহেব ছু'চারজন বসে। সারিসারি খোলা জানলায় দেখা যায় রাতের আকাশ—যেন কারচোপের বুটি দেওয়া নীল পর্দা অনেকগুলো।

পুবের ক'টা জানলার ফাঁকে ফাঁকে দেখা দেয়—খালপারের নারকেল গাছের সারি, তার উপরে চাঁদ উঠছে—যেন কানা-ভাঙা সোনার একটা আবখোরার টুকরো।

পশ্চিমের খোলা জানলায় দেখা যাচ্ছে সেকালের সওদাগরি জাহাজের মাস্তলগুলো, ঘেঁষাঘেঁষি ভীড় করে দাঁড়িয়ে। উত্তরে—সেকালের শহর ও বাড়ির অরণ্য একটা।

যে-তিনতলার উপর উত্তর-পশ্চিম থেকে বয় গঙ্গার

হাওয়া, পুব দিয়ে আদে বাদলের ঠাণ্ডা বাতাস, উত্তর জানলায় শীতের খবর আদে, দক্ষিণ বাতায়নে রহে রহে বয় সমুদ্রের হাওয়া, সেখানটাতে একটা রাত নয়—আরবা উপন্যাদের অনেকগুলো রাতের মজলিদের আলো, দারি সারি খোলা জানল। হয়ে বাইরে রাতের গায়ে ফেলতো একটার পর একটা দোনালি আভার সোজা টান। আর সমস্ত তিনতলাটা দেখাতো যেন মস্ত একটা নৌকা অনেকগুলো সোনার দাঁড় কালো জলে ফেলে প্রতীক্ষা করছে বন্দর ছেড়ে বার হবার হুকুম ও ঘণ্টা। এ যারা তথন আশে পাশের বাড়ির ছাতে ভীড় করে দাঁড়িয়ে কতার মজলিদের কাণ্ডখানা সত্যি দেখেছে তাদের মুখে শোনা কথা।

আমি যথন এসেছি—তথন স্বপ্নের আমল, আরব্য উপন্যাদের যুগ বাঙলা দেশ থেকেই কেটে গেছে। বঙ্কিমচন্দ্রের যুগের তথন আরম্ভ। 'গুলব কাওলা', 'ইন্দ্রসভা', 'হোমার', এ-সব বইগুলো পর্যন্ত সরে পড়বার যোগাড় করেছে—এই সময় রামলাল চাকরের সঙ্গে বদে

দেখি, ছুই দেয়ালে ছুই সেই সেকালের ছবির দিকে !— বড়ো বড়ো চোখ নিয়ে ছবির মানুষ চুটি চেয়ে আছে. মুখে ত্র'জনেরই কেমন একটা উদাস ভাব ছবির গায়ে আঁকা। হারে মুক্তোর জড়োয়া সাজসঙ্গ্রা যেন কতো কালের কতো দূরের বাতির আলোতে একটু একটু ঝিক্ঝিক করছে। আমি অবাক হয়ে এখনো এই ছবি দেখি আর ভাবি কি স্থন্দর দেখতেই ছিলে। তখনকার ছেলেরা মেয়েরা : কি চমংকার কতো গহনায় সাজতে ভালবাসতো তারা। কল্পনা নিয়ে থাকার স্থবিধে ছিলো না তথন, কেননা রামলাল এদে গেছে এবং আমাকে পিটিয়ে গড়বার ভার নিয়ে বসেছে! বুঝিয়ে-স্কভিয়ে মেরে-ধরে, এ-বাড়ির আদবকায়দা দোরন্ত করে তুলবেই আমাকে, এই ছিলো রামলালের পণ ! ছোটোকর্তা ছিলেন রামলালের সামনে মস্ত আদর্শ, কাজেই এ-কালের মতো না করে, অনেকটা সেকেলে ছাঁচে ফেললে সে আমাকে—দ্বিতীয় এক ছোটোকতা করে তোলার মতলবে !

ছোটোকর্তা ছুরি কাটাতে খেতেন, কাজেই আমাকেও

রামলাল মাছের কাটাতে ভাতের মগু গেঁথে খাইয়ে সাহেবী দন্তরে পাকা করতে চললো; জাহাজে করে বিলেত যাওয়া দরকার হতেও পারে, সে-জন্য সাধামতো রামলাল ইংরিজির তালিম লিতে লাগলো—ইয়েদ নো বেরি-ওয়েল, টেকু না টেকু ইত্যাদি নান। মজার কথা। কোথা থেকে নিজেই দে একখানা বাশ ছলে কাগজে কাপড়ে মস্ একটা জাহাজ বানিয়ে দিলে আমাকে— সেটা হাওয়া পেলে পাল ভরে আপনি দৌডোয় মাটির উপর দিয়ে। এই জাহাজ দিয়ে, আর হাদের ডিমের কালিয়। দিয়ে ভূলিয়ে, থানিক বিলাতা শিক্ষা, সওদাগরি-ব্যবদা কারিগরি, রামা, জাহাজ-গড়া, নৌকার ৬ই-বাঁধা ইত্যাদি অনেক বিষয়ে পাকা করে তুলতে থা**কলো** জামাকে রামলাল!

তিনতলার ঘরটায়—দেখানে বড়ো কেট একটা আদতো না কাছে, থাকতো রামলাল তার শিক্ষাতন্ত্র নিয়ে, আর আমি তারই কাছে কখনো বদে, কখনো শুয়ে, কড়িকাঠের দিকে চেয়ে, দেকালের ঝাড় ঝোলানোর মস্ত 

प-वार्<u>क</u> 3-वार्क

কেবলি দুর থেকে জগতটাকে দেখে চলার অবস্থাট। কথন যে পেরিয়ে গেলেম তা মনে নেই। আমাদের বাড়ির পাশেই পুরনো বাড়িতে প্রহরে প্রহরে একটা পেটা-ঘড়ি বাজতো বরাবরই। এবং ঘড়ির শব্দটাও এ-তল্লাটের স্বার কানে পৌছতে৷ কেবল আমারই কাছে তখন ঘড়ির শব্দ বলে একটা কিছু ছিলে। না। এমনি বাড়ির মানুষদের বেলাতেও—এপারে আমি ওপারে তাঁরা! অপরিচয়ের বেড়া কবে কেমন করে দরলো- -সেটা নিজেই সরালেম কি রামলাল চাকর এসে ভেঙে ফেলে দিলে সেটা, তা ঠিক করা মুশকিল! রামলাল আদার পর থেকে অন্দরের ধরাবাঁধা থেকে ছাড়া পেলেম! বাড়ির দোতলা একতলা এবং আস্তে

আন্তে ও-বাড়িতেও গিয়ে ঘুরিফিরি তথন। চোথকান হাতপা সমস্তই যথন আশপাশের পরিচয় করে নিচ্ছে, দে-বয়েদটা ঠিক কতো হবে তা বলা শক্ত—বয়েদের ধার তথন তো বড়ো একটা ধারিনে, কাজেই কতো বয়স হলো জানবারও তাড়া ছিলো না ! এই যথন অবস্থা, তথন কতকগুলো শব্দ আর রূপ একদঙ্গে, যেন দূরে থেকে এদে আমার সঙ্গে পরিচয় করে নিতে চলেছে দেখি! জুতো, খড়ম, খালি-পা জনে জনে রকম রকম শব্দ দেয়। তাই ধরে প্রত্যেকের আসা বাওয়া ঠিক করে চলেছি। দাসা চাকর কেউ আদছে, কেউ যাচ্ছে-কাঠের দিঁড়িতে তাদের এক-একজনের পা এক-একরকম শব্দ দিয়ে চলেছে। এই শব্দগুলো অনেক সময় শাস্তি এড়ানোর পক্ষে খুব কাজে আসতো। বাবামশায় লাল রঙের চামড়ার খুব পাতলা চটি ব্যবহার করতেন। তাঁর চলা এতো ধীরে ধারে ছিলো যে অনেক সময়ে হঠাৎ সামনে পড়তেম তাঁর। একদিনের ঘটনা মনে পড়ে। সিঁড়ির পাশেই বাবামশায়ের শয়ন-ঘর, আমি দঙ্গী কাউকে হঠাৎ চমকে দেবার মতলবে তু'খানা দরজার আড়ালে,
লুকিয়ে আছি, এমন সময়ে দেয়ালে ছায়া দেখে একটা
হক্ষার দিয়ে যেমন বার হওয়া দেখি সামনেই বাবামশায়!
এখনকার ছেলেদের হঠাৎ বাবা দাদা কিম্বা আর
কোনো গুরুজনের সামনে এসে পড়াটা দোষের নয়,
কিস্তু সেকালে সেটা একটা ভয়য়র বেদয়র বলে গণ্য
হতো। সেবারে আমার কান আমাকে ঠকিয়ে বিদম
মুশকিলে ফেলেছিলো।

এমনি আর একটা শব্দ পাথিরা জাগার আগে থেকেই শোবার ঘরে এদে পৌছতো। ভোর চারটে রাত্রে, অন্ধকারে তথন চোথ তুটো কিছুই দেখছে না অথচ শব্দ দিয়ে দেখছি—দহিদ ঘোড়ার গা মলতে শুরু করেছে, শব্দগুলোকে কথায় তর্জমা করে চলতো মন অন্ধকারে—গাধুদ্নে গাধুদ্নে, চট্পট্, হঠাং থাটথোট চাবকান পঠাং পঠাং, গাধুদ্ গাধুদ্ থাটিন্ খুটিদ্ চট্পট্! এই রকম দহিদে ঘোড়ায়, দহিদের হাতের তেলোতে, ঘোড়ার খুরে মিলে কতকগুলো শব্দ দিয়ে ঘটনাকে পাচ্ছ। এমনি

একটা গানের কথা আর হুর দিয়ে পেয়ে যেতেম সময়ে সময়ে একজন অন্ধ ভিথারীকে। লোকটি চোথের আডালে. কিস্তু গানটা ধরে আসতো সে নিকটে একেবারে তিন-তলায় উঠে। ভিখারীর গানের একটা ছত্র মনে আছে এখনো—'উমাগো, মা তুমি জগতের মা, ওমা কি জন্মে তুমি আমায় মা বলচো!' সন্ধেবেলায় খিড়কির চুয়োরে একটা মানুষ এদে হাঁক দেয়—'মুশকিল আদান'! কথাটার অর্থ উলটো বুঝতেম—ভয়ে যেন হাতপা কুঁকড়ে যেতো; গা ছমছম করতো আর সেই দঙ্গে পাকা দাড়ি, লম্বা টুপি, ঝাপ্পা-ঝোপ্পা কাপড়-পরা ভুতুড়ে একটা চেহারা এসে সামনে দাঁড়াতো দেখতেম। বেল। তিনটের সময় একটা শব্দ—দেটা স্থরেতে মানুষেতে এক দঙ্গে মিলিয়ে আদতো—'চুড়ি চাই, খেলোনা চাই'—এবারে কিস্তু মানুষটার চেয়ে পরিকার করে দেখতে পেতেম—রঙিন কাচের ফুলদান, গোছাবাঁধা চুড়ি, চীনে-মার্টির কুকুর বেড়াল।

वत्रक अशालात हाँ क, कूल भालित हाँ क अभि अस्त अस्त क्षरला

হাক-ভাক এখন শহর ছেড়ে পালিয়েছে এবং তার জায়গায় মোটরের ভেঁপু, ট্রাম-গাড়ির হুন্-হাস্, টেলিফোনের ঘণ্টা এসে গেছে শহরে!

কোন বয়েদ থেকে দেখাশোন। আরম্ভ, কথনই বা শেষ সে-হিসেব বেঁচে থাকতে কষে দেখার মুশকিল আছে, তবে জনে জনে দেখাশোনায় প্রভেদ আছে বলতে পারি। আমাদের পুরনো বাড়িতে পেটা-ঘড়িটা বাজছে যথন শুনতে পেলেম তখন তার বাজনের হিসাবের মজাটা (प्रशास्त्र । प्रकारम डेश्रांत्र। डेश्रांत इ'ठे। माउठे। সাড়ে সাতটা বাজিয়ে ঘড়িটা থামতো। তারপরে আটটা ন'টা ছু'ঘণ্টা ফাঁক। ফের উপরো-উপরি দশ আর সাড়ে দুশ বাজিয়ে স্নান আহার করে মেন মুম দিলে ঘডিটা দ্বপুর বেলায়। উচলো বিকেলে, চার ও পাঁচ বাজিয়ে! ঘডির এই রকম খামখেয়ালি চলার অর্থ তথন বুঝতেম না। দকালের ঘড়ি—ঘুম ভাগাবার জত্যে, দাতটার ঘড় উপাদনার জন্মে, সাড়ে সাত হলে। মাণ্টার আসার, পড়তে यातात घष्ट्रि। मन स्नानाशास्त्रतः, मार्फ् मन, हेसूल उ

আপিশের; চার, বৈকালিক জলযোগের, কাজকর্ম ও কাছারি বন্ধের; পাঁচ, হাওয়া খেতে যাবার। ঘুমোতে যাবার ঘণ্টা একটা, দশটা কি ন'টায় বোধহয় বাজতো না-কেননা তথন ঠিক ন'টা রাত্রে কেল্লা থেকে তোপ দাগা হতে৷ আর আমাদের বৈঠকখানায় ঈশ্বরদাদা 'বোমকালী' বলে এক হুঙ্কার দিতেন, তাতেই পেটা-ঘড়ির কাজ হয়ে যেতো। বেলা একটার তোপ পড়লেই কর্কর ঘর্ঘর ঘড়ির চাবি ঘোরার ধুম পড়তো বাড়িতে, ও-সময়টাতেও পেটা-ঘড়ির দরকারই হতে। না। এই ঘড়ির হুকুমে দেখি বাড়ির গাড়ি-ঘোড়া চাকর-বাকর ছেলেমেয়ে সবাই চলে, হাড়ি চড়ে হাড়ি নামে. মাস্টারমশাই বই খোলেন বই বন্ধ করেন। ও-বাড়ির এই পেটা-ঘড়িটাকে এক-একদিন দেখতে চলতেম। পুরনো বাড়ির উঠানের দাওয়ায় উঠতে

চলতেম। পুরনো বাড়ির উঠানের দাওয়ায় উঠতে বাঁ-ধারে একটা খিলেনের মাঝে ঝোলানো থাকতো ঘড়িটা। দেখতেম শোভারাম জমাদার দেখানটাতে বদে ময়দা ঠাদছে—চক্চকে একটা লোটা হাতের কাছেই রয়েছে, থেকে থেকে দেটা থেকে জল নিয়ে ময়দার সুটিগুলো ভিজিয়ে দিচ্ছে আর ত্ব'হাতের চাপড়ে এক-একখানা মোটা রুটি ফদ্ফদ্ গড়ে ফেলছে। বেশ কাজ চলছে, এমন সময় শোভারাম হঠাং রুটি-গড়ারেখে, ঘড়িটাকে মস্ত একটা কাঠের হাতুড়ি দিয়ে ঘা কয়েক পিটুনি কশিয়ে কাজে বসে গেলো। দেখে দেখে আমার ইচ্ছে হতো রুটি গড়তে লেগে ঘাই; আবার চথনি ঘড়িটা বাজিয়ে নেবার লোভ জন্মাতো। হাতুড়িটায় হাত দেওয়া মাত্র জন্মানরজা ধমকে উঠতো—নেহি, কর্তা মহারাজ খাপ্পা হোয়েস।!

কতা মহারাজ, কে তিনি, জানবার ভারি ইচ্ছে হতে।।

থেন কতাদাদামশায় দোতলার বৈঠকখানায় থাকেন,

গার ঘরের দরজায় কিনুসি হরকরা—উদি পরে বুকে
'ওয়ার্কস্ উইল উইন' আর হাতির পিঠে নিশেন চড়ানো

ংক্মা না ঝুলিয়ে, মোটা রূপোর সোঁটা হাতে টুলে
বসে পাহারা দেয়, হাতে একটা পেনসিল-কাটা ছুরি,
কতাকে সহজে দেখার উপায় নেই!

দেখতেম কর্তা পাহাড় থেকে ফিরে যে ক'দিন বাড়িতে আছেন দে ক'দিন দব দেন চুপচাপ। দরোয়ান 'হারুয়া, হারুয়া' বলে হাকডাক করতে দাহদ পায় না ফটকে, গাড়িবারান্দায় গাড়ি-ঘোড়া ঢোকে বেরোয় দোয়ারি নিয়ে ধারে ধারে; বাবামশায়, মা, পিশি-পিশে, এ-বাড়ি ও-বাড়ির দবাই মেন দর্বদা তটস্থ। চাকর-চাকরানাদের চেঁচামেচি ঝগড়াঝাটি বন্ধ, দবাই ফিটফাট হয়ে ঘোরাফেরা করছে যেন ভালোমানুমটির মতো!

এই সব দেখেশুনে কর্তার নাম হলে কেমন যেন একটু
ভয়-ভয় করতো। কর্তাদাদামশায়কে একবার কাছে
গিয়ে দেখে নেবার লোভ, কর্তার সামনাদামনি হয়ে তাঁর
ঘরগানা দেখারও কৌতূহল থেকে থেকে জাগতো মনে!
কর্তার ঘরে চুকতে সাহদে কুলতো না। কিন্তু চুপি
চুপি ঘরের দিকে অনেক সময়ে এগিয়ে যেতেম। দরোয়ান
সব সময়ে পেটা-ঘড়িকে পাহারা দিয়ে বদে থাকতো না,
দিদ্ধি গোটার সময় ছিলো তার একটা। সেই একদিন-

একদিন ঘড়ির দঙ্গে ভাব করতেও এগিয়ে যেতেম। পাছে ধরা পড়ি সেই ভয়ে হাতুড়ি তোলার অবসর হতে। না, তুই হাতে ঘড়িটাকে চাপড কশিয়ে দিতেম। দড়িতে বাঁধা ঘড়ি লাটিমের মতো ঘুরতে থাকতো, যেন একবাক ভীমরুলের মতো গুমরে উচতে। রেগে। ঘড়ির শব্দ আক্স্মিক একটা ভয় লাগাতো—কর্ত্র। বুঝি শুনলেন, দরোয়ান এলে। বুঝি-ব।। ঘড়ির কাছে থাক। নিরাপদ নয় জেনে এক ছুটে আমাদের তিনতলার ঘরে হাজির হতেম: তারপর সারাক্ষণ মেন দেখতেম - দরোয়ান কতার কাছে আমার নামে নালিশ করছে; সঙ্গে সঙ্গে কর্ত্তা ডাকলে কি কি মিছে কথা বলতে হবে তার ফর্দ একটাও তৈরি করে চলতে। মন তথন।

কর্তামশায় সব সময়ে বাজিতে থাকেন না—বোলপুরে
যান, সিমলের পাহাড়ে যান— আবার হঠাং একদিন
কাউকে কিছু না বলে ফিরে আসেন। হঠাং নামেন কর্তা
গাজি থেকে ভোরে, দরোয়ানগুলো পড়মড় করে থাটিয়।
ছেড়ে উঠে পড়ে, এ-বাড়ি ও-বাড়ি সাড়া পড়ে য়য়—কর্তা

এসেছেন! এই সময়টায়ও দেখতেম—আমাদের বৈঠক-খানায় হু'বেলা গানের মজলিদ খুব আস্তে চলেছে। কাছারি বসছে নিয়মিত দশটা-চারটে। দক্ষিণের বাগানে বৈকালে বিখেশর হুঁকোবরদার বড়ে৷ বড়ো রূপোর আর কাচের সটকাগুলো বার করে দেয় না। বিলিয়ার্ড-রুমে আমাদের কেদারদাদার হাঁক-ডাক একেবারে বন্ধ। যতে। সব গন্ধীর লোক, তাঁরা পুরনো বাড়িতে সকাল-সন্ধ্যা আসা–যাওয়া করেন—কেউ গাড়িতে, কেউ বা হেঁটে। আমাদের উপর হুকুম আদে যেন গোলমাল না হয়, কতা শুনতে পাবেন। চাকরগুলো কড়ানজর রাথে—খালি পা, কি ময়লা কাপড়ে আছি কিনা। পাঠান কুস্তিগীর ক'জন খুব কমে মাটি থেখে নিয়মিত কদলত করতে লেগে যায়। বুড়ো খানদামা গোবিন্দ, দেও ভোৱে ভোৱে উঠে কতার জন্ম তুণ আনতে গোয়াল ঘরে গিয়ে ঢোকে !

এই গোবিন্দ ছিলো কর্তার চাকর। এর একটা মজার কাহিনী মনে পড়ছে। ভোরে উঠে গোবিন্দ কর্তার জন্ম তুর্ব নিয়ে ফিরছে, ঠিক দেই সময় পথ আগলে পাঠান দর্দার ছটো কৃষ্টি লাগিয়েছে। গোবিন্দ যতো বলে পথ ছাড়তে, পাঠান তারা কানই দেয় না। পাঠান নড়ে না দেখে, গোবিন্দ একটু চটে উঠে অথচ গলার হার খুব নরম করে বলে—'পাঠান ভাই, রাস্তা ছাড়ো! শুন্তা, ও পাঠান ভাই! দেখ, পাঠান ভাই, কাঁদের ওপোর ছাগল নাপাতা ছায়, হাতে ছুধের ঘটে ছায়, ছুণটা পড়ে যাবে তো জবাবদিহি করবে কে?'

কর্তা বাড়ি এলে বাড়ি ছুটে। চিলেচালা ঝিমস্ত ভাব ছেড়ে বেশ যেন সজাগ হয়ে উঠতো। আবার একদিন দেখতেম কর্তা কখন চলে গেছেন, বাড়ির সেই আগেকার ভশ্বিটা ফিরে এসেছে। দরোয়ান হাকাহাকি শুরু করেছে, আমাদের ছীরে মেগরে আর বুড়ো জমাদারে বিষম তকরার বেপেছে। জমাদার লাঠি নিয়ে যতে। ঝেঁকে ওঠে, ভারে মেথর ততই নরম হয়। জমাদারের ছু'পা জড়িয়ে ধরবে এমনি ভাবটা দেখায়। তখন জমাদারজী রণে ভঙ্গ দিয়ে তফাতে সরেন, ছারেও বুক ফুলিয়ে বাসায় গিয়ে চুকে তার বৌটাকে প্রহার আরম্ভ করে। আরো চেঁচাচেঁচি বেপে যায়। ওদিকে দার্দাতে দাসীতে ঝগড়া—তাও শুরু হয় অন্দরে। বৈঠকখানাতে গানের মজলিস জাঁকিয়ে অক্ষয়বার গলা ছাড়েন। আমাদেরও হুটোপাটি আরম্ভ হয়ে যায়! কতা না থাকলে বাঁধা চালচোল এমনি আল্গা হয়ে পড়ে যে, মনে হয়, ঘড়িতে হাতুড়ি পিটিয়ে চললেও দরোয়ান কিছুই বলবে না! কতার গাড়ি ফটক পেরিয়ে যাওয়া মাত্র, ইস্কুল থেকে ছুটি-পাওয়া গোছের হয়ে পড়তো বাড়ির এবং বাড়ির সকলের ভাবটা। শীতকালে যেবারে কর্তাদাদামশায় বাড়ি থাকতেন দেবারে মাঘোৎদব থুব জাঁকিয়ে হতো। একটা উৎদবের কথা মনে আছে একটু—দেবারে দঙ্গাতের আয়োজন বিশেষ ভাবে করা হয়েছিলো। হায়দারাবাদ থেকে মৌলাবক্স দেবারে জলতরঙ্গ বাজনা এবং গান করতে আমস্ত্রিত হন। मकाल (थरक वाफ़ि शाँका कूल, (क्वकाक़-পाতा, लाल বনাত, ঝাড লগ্ন, লোকজন, গাড়ি-ঘোড়াতে গিদ্গিদ্ করছে। আমাদের মুখে এককথা—মৌলাবাক্দোর বাজনা হবে! সকাল থেকেই খানিক সিন্দুক, খানিক বাক্সো

মিলিয়ে একটা অন্তুত গোছের মানুষের চেহারা যেন চোখে দেখতে থাকলেম। এখনকার মতো তখন টিকিট হতে। ন! —নিমন্ত্রণ-পত্র চলতো বোধহয়। ছেলেদের পক্ষে উৎসব সভাতে হঠাৎ যাওয়া হুকুম না পেলেও অসম্ভব ছিলো, অথচ মৌলাবাক্দোর গান ন। শুনলেও নয়। কাজেই ত্কুমের জন্ম দরবার করতে ছোট। গেলে। সকালে উচ্চেই । আমাদের ছোট্টথাটো দরবার শোনাতে এক শুনে তার একটা বিহিত করতে ছিলেন ও-বাড়ির বড়ো পিশেনশায়। কিন্তু তার কাছ থেকে সাফ জবাব পাওয়া মুশকিল হলে। সেদিন। '(प्रश्रात) —(प्रश्रात)' वटल डिमि यागारमत विभाग फिल्म, তারপর সারাদিন তাঁর আর উচ্চবাচ্য নেই। छेश्मरत या अया कि ना-या अयात विषया यथन ना-या अया है।

উৎসবে যাওয়া কি না-যাওয়ার বিদয়ে গখন না-যাওয়াই স্থির হয়ে গেছে নিজের মনে, তখন রামলাল ঢাকর এদে বললে—'ভ্কুম হয়েছে, চটপট কাপড় ছেড়ে নাও!' এখনো টিকিটের দরবারে ভোকরাদের ও-বাড়ির দরজায় যখন ঘুর-ঘুর করতে দেখি তখন আমার সেই দিনটার কথাই মনে আদে!

মৌলাবাক্সোকে একটা অদুতকর্মা গোছের কিছু ভেবেছিলেম—জলতরঙ্গ ও কালোয়াতী গানের ভালোমন্দ
বিচার শক্তি ছিলোই না তথন, কিন্তু মৌলাবাক্সো
দেখে হতাশ হয়েছিলেম মনে আছে। তার চেয়ে
গান-বাজনা, লোকের ভিড়, ঝাড় লঠন, সবার উপরে
তিনতলার ঘরে কর্তাদিদিমার দেওয়া গরম-গরম লুচি,
ছোকা, সন্দেশ, মেঠাই-দানা, ঢের ভালো লেগেছিলো
আমার মনে আছে।

প্রায় পনেরো আনা শ্রোতাই তথন মাঘোৎদবের ভোজ আর পোলাও মেচাই খেতেই আদতো আমার মতো। মস্ত মস্ত মেচাই, ছোটোখাটো কামানের গোলার মতো, নিঃশেষ হতো দেখতে দেখতে। পরদিনেও আবার কর্তা– দিদিমার লোক এদে একথালা মেচাই দিয়ে যেতো ছেলেদের খাবার জন্যে।

কর্তাদিদিমা আর বড়োমা—শাশুড়ি আর বৌ—ছু'জনেই দমান চওড়া লাল-পেড়ে শাড়ি পরে আছেন। বড়োম:-র মাথায় প্রায় আধহাত ঘোমটা, কিন্তু কর্তাদিদিমার মাথা অনেকথানি থোল।—সিঁতুর জল্জল্ করছে দেখে ভারি নতুন ঠেকছিলো।

এই মাঘোৎদবে ভোজের বিরাট রকম আয়োজন হতো
তিনতলা থেকে একতলা। দকাল থেকে রাত একটা ছুটো
পর্যন্ত থাওয়ানো চলতো। লোকের পর লোক, চেনা,
অচেনা, আয়পর, যে আদতে থেতে বদে যাচেছ। আহারের
পর বেশ করে হাত মুথ ধুয়ে, পান ক'টা পকেটে লুকিয়ে
নিয়ে, মুথ মুছতে মুছতে দরে পড়তে—পাডে পরা পড়ে
অন্যের কাছে এরা দবাই।

মাঘোৎদবের ভোজ আর মেঠাই, অনেকে থেয়ে বাইরে গিয়ে পাওয়াদাওয়। ব্যাপারটা সম্পূর্ণ অস্বাকার করেও চলেছে এও আমি স্বকর্ণে শুনেছি, তথনকার লোকের মুথেও শুনতেম।

মাঘোৎদবের লোকারণ্যের মাঝখানে কর্তাকে পরিসার করে দেখে নেওয়া মুশকিল ছিলে। আমার পক্ষে ! অনেকদিন পরে একবার কতালালামশায়কে দামনাদামনি দেখে ফেললেম। দকালবেলায় উত্তরের ফটকের রেলিওওলোতে প। রেখে ঝুল দিচ্ছি এমন সময় হঠাং কর্তার গাড়ি এসে দাঁড়ালো।

লম্বা চাপকান, জোকবা, পাগড়ি পরে কর্তা নামছেন দেখেই দৌড়ে গিয়ে প্রণাম করে ফেললেম। ভারি নরম একথানা হাতে মাণাটাকে আমার ছুঁরেই কর্তা উপরে উঠে গেলেন।

বাড়িতে তথন খবর হয়ে গেছে—কর্তামশার চানদেশ থেকে ফিরেছেন। আমি যে কর্তাকে দেখে ফেলেছি, প্রণামও করেছি, সব আগেই সেটা মায়ের কানে গেলো। ময়লা কাপড়ে কতার সামনে গিয়ে অন্যায় করেছি বলে একটু গমকও থেলেম, আর তথনি রামলাল এসে আমাকে ধরে পরিকার কাপড় পরিয়ে ছেড়ে দিলে।

এই হঠাং-দেখার কিছুক্ষণ পরে, কর্তার কাছ থেকে আমাদের সবার জন্ম একটা-একটা চানের বানিশ-করা চমংকার কোটো এসে পড়লো, তার সঙ্গে গোটাকতক বারভূমের গালার খেলনা।

আমার বাক্সটা ছিলো রহীতনের আকার, তার উপরে

একটা উড়ন্ত পাথি আঁকা। আর গালার খেলনাটা ছিলো একটা মস্ত গোলাকার কচ্ছপ।

এর পরেই মা আর আমার দুই পিশির জ্যে, হাতির দাঁতের নৌকা আর সাততলা চানদেশের মন্দির, কর্তার কাছ থেকে বাবামশায় নিয়ে এলেন। চানের সাত্তল। মন্দিরটার কি চমংকার কারিগরিই ছিলো। ছোট ছোট ঘণ্টা ঝলছে, হাতির দাঁতের টবে হাতির দাতেরই গাছ, মাসুষ সব দাঁতে তৈরি, এক-একতলায় গম্ভারভাবে নেন উঠা-নামা कत्रा । (मटे मिन्द्रात এकहे।- अकहे। उला (५८०) हल्एड একটা-একটা বেলা কেটে মেতে। আমার। সারপর একটু বড়ো হয়ে দেটাকে টুকরো-টুকরে। করে ভেঙে দেখতে लार्श (शाल्य — (मिष्य अ यान्यत्वत हु' এक छ। ऐकरत्र हिला বাক্সে!

এর পরে কর্তাকে দেখেছিলেন ছেলেবেলাতে আর একবার। ও-বাড়ি থেকে শোভাযাত্রা করে বর বার হলো— এখনকার মতো বর-বাত্রা নয়—বর চললো খড়থড়ি দেওয়া মন্ত পাল্কিতে, আগে ঢাক ঢোল, পিছনে কর্তাকে ঘিরে আত্মায় বন্ধুবান্ধব, দক্ষে অনেকগুলো হাতলগুন আর নতুন রঙ-করা কাপড় পরে চাকর দরোয়ান পাইক। দদর ফটক পর্যন্ত কর্তা দঙ্গে গেলেন, তারপর বরের পাল্কি চলে গেলে কর্তা উপরে চলে গেলেন—গায়ে লাল জরির জামেওয়ার, পরনে গরদের ধৃতি।



বাৰবাড়িভ

সেকালের নিয়ম অনুসারে একটা বয়েদ পর্যস্ত ছেলের।

থাকতেম অন্দরে ধরা, তারপর একদিন চাকর এসে দাসীর হাত থেকে আমাদের চার্জ বুঝে নিতো। কাপড় জুতো জামা বাসন-কোসনের মতো করে আমাদের তোষাখানায় নামিয়ে নিয়ে ধরতো; সেখান থেকে ক্রমে দপ্তরখানা হয়ে হাতেখড়ির দিনে ঠাকুরঘর, শেষে বৈঠকখানার দিকে আস্তে আস্তে প্রমোশন পাওয়া নিয়ম ছিলো। রামলাল যতোদিন আমার চার্জ বুঝে নেয়নি ততোদিন আমিছিলেম তিনতলায় উত্তরের ঘরে। সেইকালে একবার একটা সূর্যগ্রহণ লাগলো—থালায় জল রেখে সূর্য দেখে পুণ্য কাজ করে ফেলেছিলেম সেদিন। মনে পড়ে সেই

প্রথম একটা ছাতে বার হয়ে আকাশ দেখলেম—নাল

পরিকার আকাশ। তারই গায়ে দারি দারি নারকেল গাছ, পুবদিক জুড়ে মস্ত একটা বটগাছ, তারই তলায় একটা পুকুর--আমাদের দক্ষিণের বাগানের এইটুকুই চোপে পড়লো দেইদিন।

এই দক্ষিণের বাগান ছিলো বারবাড়ির সামিল—বাবুদের চলাফেরার স্থান। এখন যেমন ছেলেপিলে দাসী চাকর রাস্থার লোক এবং অন্দরের মেয়ের৷ পর্যন্ত এই বাগান মাড়িয়ে চলাফেরা করে, সেকালে সেটি হবার জে। ছিলো না! বাবামশায়ের শখের বাগান ছিলো এটা—এথানে পোষা সারস পোষা ময়ুর—তারা কেউ হাটু জলে পুকুরে নেমে মাছ শিকার করতো, কেউ প্যাথম ছড়িয়ে ঘাদের উপর চলাফেরা করতো। তিন-চারটে উচ্চে মালিতে মিলে এথানে দব শথের গাছ আর থাঁচার পাখিদের তদবির করে বেড়াতো, একটি পাতা কি ফুল ছেঁড়ার ত্তুকুম হিলো না কারু! এই বাগানে একটা মস্ত গাছ-ঘর— দেখানে দেশ-বিদেশের দামী গাছ ধরা থাকতো! পদ্ম ফুলের মতো করে গড়া একটা ফোয়ারা—তার জলে লাল মাছ, সব আফ্রিকা দেশ থেকে আনানো, নীল পদ্মপাতার তলায় থেলে বেড়াতো! বাড়িখানা একতলা দোতলা তিনতলা পর্যন্ত, পাথিতে গাছেতে ফুলদানিতে ভতি ছিলো তখন।

यत्न পড़ে দোতলায় দক্ষিণের বারান্দার পুবদিকে একটা মস্ত গামলায় লাল মাছ চাদা থাকে, তারই পাশে তুটো শাদা থরগোশ, জাল-ঘেরা মস্ত থাঁচার মধ্যে দব ছোটো ছোটো পোষা পাখির ঝাঁক, দেওয়ালে একটা হরিণের শিঙের উপর বদে লালঝুটি মস্ত কাকাতুয়া, শিকলি-বাঁধা চান দেশের একটা কুকুর—নাম তার কামিনা—পাউডার এদেন্সের গন্ধে কুকুরটার গা সর্বদা ভুরভুর করে। তথন বেশ একটু বড়ো হয়েছি, কিন্তু বৈঠকথানার বারান্দায় ফদ্ করে যাবার সাধ্য নেই, দাহদও নেই! এখন যেমন ছেলেমেয়েরা 'বাবা' বলে হুট্ করে বৈঠকখানায় এদে হাজির হয় তখন দেটা হ্বার জো ছিলো না। বাবামশায় যখন আহারের পরে ও-বাড়িতে কাছারি করতে গেছেন সেই ফাঁকে এক-একদিন বৈঠক-

٦٩

খানায় গিয়ে পড়তেম। 'টুনি' বলে একটা ফিরিস্না ছেলেও এই সময়টাতে পাথি চুরি করতে এদিকটাতে আসতো। পাথিগুলোকে থাঁচা খুলে উড়িয়ে দিয়ে, জালে করে ধরে নেওয়া থেলা ছিলে। তার ! টুনিদাহেব একবার একটা দামা পাথি উড়িয়ে দিয়ে পালায়। দোষটা আমার ঘাড়ে পড়ে। কিন্তু দেবারে আমি টুনির বিছে ফাঁদ করে দিয়ে রক্ষে পেয়ে যাই। আর একদিন—সে তথন গর্মার সময়— দক্ষিণ বারান্দাট। ভিজে খদখদের পরদায় অন্ধকার আর ঠাণ্ডা হয়ে আছে; গামলা ভতি জলে পদ্মপাতার নিচে লাল মাছগুলোর থেল। দেখতে দেখতে মাথায় একটা তুর্দ্ধি জোগালো। যেমন লাল মাছ, তেমনি লাল জলেই খেলে বেড়ালে শোভা পায়! কোথা থেকে थानिक लाल त्र अपन करल छरल फिर्ड एपित रहला ना, জলটা লালে লাল হয়ে উঠলো। কিন্তু মিনিট কতকের মধ্যেই গোট। ছুই মাছ মরে ভেসে উঠলো দেথেই বারান্দ। ছেড়ে চোঁ চোঁ দৌড়—একদম ছোটোপিশির ঘরে! মাছ মারার দায় থেকে কেমন করে, কি ভাবে যে রেহাই পেয়েছিলাম তা মনে নেই, কিন্তু অনেকদিন পর্যন্ত আর দোতলায় নামতে সাহস হয়নি।

ননে আছে আর একবার মিদ্রা হবার শথ করে বিপদে পড়েছিলেম। বাবামশায়ের মনের মতো করে চানে মিস্তারা চমৎকার একটা পাখির ঘর গড়তে—জাল দিয়ে यেता अकठा राम मन्मित रेडित रुष्ट्र, प्रशिष्ट वरम वरम। রোজই দেখি, আর মিক্রার মতো হাতুড়ি পেরেক অস্ত্রশস্ত্র চালাবার জন্ম হাত নিশ্পিষ্ করে। একদিন, তথন কারিগর সবাই টিফিন করতে গেছে, সেই ফাঁকে একটা বাটালি আর হাতুড়ি নিয়ে মেরেছি ছু'তিন কোপ! ফদ্ করে বাঁ হাতের বুড়ো আঙুলের ডগায় বাটালির এক ঘা। খাঁচার গায়ে চু'চার ফোঁটা রক্ত গড়িয়ে পড়লো। রক্তটা মুছে নেবার সময় নেই—ভাড়াতাড়ি বাগান থেকে খানিক ধুলো-বালি দিয়ে যতোই রক্ত থামাতে চলি ততোই বেশি করে রক্ত ছোটে! তখন দোষ স্বাকার করে ধরা পড়া ছাড়া উপায় রইলো না। দেবারে কিন্তু আমার বদলে মিদ্রী ধমক খেলে—যন্ত্রপাতি সাবধানে রাখার ছকুম হলো তার উপর! কারিগর হতে গিয়ে প্রথমে যে ঘা থেয়েছিলেম তার দাগটা এখনো আমার আঙুলের ডগা থেকে মেলায়নি। ছেলেবেলায় আঙুলের যে-মামলায় পার পেয়ে গিয়েছিলেম, তারই শাস্তি বোধ হয় এই বয়দে লম্বা আঙুল এঁকে শুধতে হচ্ছে সাধারণের দরবারে। আর একট। শাস্তির দাগ এখনো আছে লেগে আমার ঠোটে। গুড়গুড়িতে তামাক খাবার ইচ্ছে হলো—হঠাৎ কোথা থেকে একটা গাড়ু জোগাড় করে তারই ভিতর থানিক জল ভরে টানতে লেগে গেলাম। ভুড় ভুড় শব্দটা ঠিক হচ্ছে, এমন সময় কি জানি পায়ের শব্দে চমকে যেমন পালাতে যাওয়া, অমনি শথের হুঁকোটার উপর উল্টে পড়া! দেবার নালমাধব ডাক্তার এদে তবে নিস্তার পাই —অনেক বরফ আর ধমকের পরে। দেখেছি যথন ছফু মির শাস্তি নিজের শরীরে কিছু-না-কিছু আপনা হতেই পড়েছে, তথন গুরুজনদের কাছ থেকে উপরি আরে। ছু'চার ঘা বড়ো একটা আদতো না। যথন হুফুমি করেও অক্ষত শরীরে আছি তথনই বেত থেতে হতো, নয় তো ধমক, নয় তো অন্দরে কারাবাদ। এই শেষের শাস্তিটাই আমার কাছে ছিলো ভয়ের—কুইনাইন খাওয়ার চেয়ে বিষম লাগতো!

অন্তরে বন্দী অবস্থায় যে ক'দিন আমার থাকতে হতো, দে ক'দিন ছোটোপিশির ঘরই ছিলো আমার নিশাস ফেলবার একটিমাত্র জায়গা। 'বিধরক্ষ' বইখানাতে সূর্যমুখীর ঘরের বর্ণনা পড়ি আর মনে আদে ছোটোপিশির ঘর। তেমনি সব ছবি, দেশী পেনটারের হাতে। 'কৃষ্ণকান্তের উইল'-এযে লোহার সিন্দুকটা, সেটাও ছিলো। রুষ্ণনগরের কারিগরের গড়া গোষ্ঠলালার চমৎকার একটি কাচ ঢাকা দৃশ্য, তাও ছিলো। উলে বোনা পাথির ছবি, বাড়ির ছবি। মস্ত একথানা খাট—মশারিটা তার ঝালরের মতো করে বাঁধা। শকুন্তলার ছবি, মদনভম্মের ছবি, উমার তপস্থার ছবি, কুষ্ণলীলার ছবি দিয়ে ঘরের দেওয়াল ভতি। একটা-একটা ছবির দিকে চেয়ে-চেয়েই দিন কেটে যেতো। এই ঘরে জয়পুরী কারিগরের আঁকা ছবি থেকে আরম্ভ করে, অয়েল পেনটিং ও কালীঘাটের পট পর্যন্ত সবই ছিলো; তার উপরেও, এক খালমারি থেলনা। কালো কুকুর, ঠুনকো একটা ময়ূর, রঙিন ফুলদানি কতো রকমের! সে যেন একটা টুনকো রাজত্বে গিয়ে পড়তেম ! এ-ছাড়া একটা আলমারি, তাতে দেকালের বাংলা-দাহিত্যের যা-কিছু ভালো বই সবই রয়েছে। এই ঘরের মাঝে ছোটোপিশি বদে বদে সারাদিন পুতি-গাঁথা আর সেলাই নিয়েই থাকেন। বাবামশায় ছোটোপিশিকে সাহেব-বাড়ি থেকে সেলাইয়ের বই, রেশম কতে। কি, এনে এনে দিতেন আর তিনি বই দেখে দেখে নতুন নতুন সেলাইয়ের নমুনা নিয়ে কতো কি কাজ করতেন তার ঠিক নেই! ছোটোপিশি এক জোড়া ছোট্ট বালা পুঁতি গেঁথে গেঁথে গড়েছিলেন—সোনালি পুঁতির উপরে ফিরোজার ফুল বদানো ছোটু বালা ছু'গাছি, দোনার বালার চেয়েও ঢের স্থন্দর দেখতে।

বিকেলে ছোটোপিশি পায়রা থাওয়াতে বসতেন। ঘরের পাশেই খোলা ছাত; দেখানে কাঠের খোপে, বাঁশের খোপে, পোষা থাকতো লক্কা, সিরাজী, মৃক্ষি কতো কী নামের আর চেহারার পায়রা। খাওয়ার সময় ডানায় ছোটোপিশিকে আর পালকে. ঘিরে ফেলতো পায়রাগুলো। সে যেন সত্যিসত্যিই একটা পাথির রাজত্ব দেথতেম— উচু পাঁচিল-ঘেরা, ছাতে ধরা। বাবামশায়েরও পাথির শথ ছিলো, কিন্তু তাঁর শথ দামী দামী থাঁচার পাথির, ময়ুর, সারস, হাঁস এই সবেরই। পায়রার শথ ছিলো ছোটোপিশির। হাটে হাটে লোক যেতো পায়রা কিনতে। বাবামশায় তাঁকে ছুটো বিলিতী পায়রা এক সময়ে এনে দেন, ছোটোপিশি সে ছটোকে ঘুঘু বলে স্থির করেন, কিছুতেই পুষতে রাজী হন না। অনেক বই খুলেও বাবা-মুশায় যুখন প্রমাণ করতে পারলেন না যে পাখি ছুটো ঘুঘু নয়, তথন অগত্যা দে ছুটো রটলেজ দাহেবের ওখানে ফেরত গেলো! এরই কিছুদিন পরে একটা লোক ছোটোপিশিকে এক জোড়া পায়রা বেচে গেলো—পাথি চুটো দেখতে ঠিক শাদা লক্কা, কিন্তু লেজের পালক তাদের ময়ুরপুচেছর মতো রঙিন। এবার ছোটোপিশি ঠকলেন—বাবামশায় এসেই ধরে দিলেন পায়রার পালকে
ময়ুরপুচ্ছ হৃতো দিয়ে দেলাই করা। একটা তুমুল হাসির
হোররা উঠেছিলো সেদিন তিনতলার ছাতে, তাতে
আমরাও যোগ দিয়েছিলেম।

ঠাকুরপূজো, কথকতা, দেলাই আর পায়রা—এই নিয়েই থাকতেন ছোটোপিশি। একবার তাঁর তিন্তলার এই ছাতটাতে, বাড়িশুদ্ধ সবার ফোটো নিতে এক মেম এসে উপস্থিত হলো। আমাদেরও ফোটো নেবার কথা, সকাল থেকে সাজগোজের ধুমধাম পড়ে গেলো। সেইদিন প্রথম জানলেম আমার একটা হাল্কা নীল মথমলের কোট-প্যাণ্ট আছে। ভারি আনন্দ হলো, কিন্তু গায়ে চড়াবামাত্রই কোট-প্যাণ্ট বুঝিয়ে দিলো যে আমার মাপে তাদের কাটা হয়নি। এই অদ্ভূত সাজ পরে আমার চেহারাটা কারু কারু অ্যালবামে এখনো আছে—রোদের ঝাঁজ লেগে চোথ ছুটো পিটপিট করছে, কাপড়টা ছেড়ে ফেলতে পারলে বাঁচি এই ভাব।

ফোটো তোলা আর বাড়ির প্ল্যান আঁকার কাজ

জানতেন বাবামশায়। ডুইং করার নানা সাজ-সরঞ্জাম, কম্পাস-পেনসিল কতো রকমের দেখতেম তাঁর ঘরে। বাবামশায় কাছারির কাঙে গেলে তাঁর ঘরে চুকে সেগুলো নেড়ে-চেড়ে নিতেম। ঠিক সেই সময়, ফাসি পড়ানোর মুন্সি এসে জুটতেন। কথায় কথায় তিনি আলে বে, পে, তে, জিম—এমনি ফাদি অক্ষর আমাদের শোনাতে বসতেন। মুন্সির চু'একটা বয়েৎ এখনো মনে আছে—'গুলেন্তামে যাকে হরিয়েক গুলকো দেখা, না তেরি সে রঙ্গ, না তেরি সে বৃ ছায়'। আরেকটা বয়েৎ ছিলো সেটা ভুলে গেছি কেবল ধ্বনিটা মনে আছে —কবুতর বা কবুতর বাক্ বাবাজ! দেকালে ফার্সি পড়িয়ে राल कारन भारत्रत कलम आत लुन्नि ना राल हलाउ। ना, মাথাও ঢাকা চাই! ঠিক মনে পড়ে না কেমন সাজটা ছিলো মুন্সির।

ডাক্তারবাবুর আসবার সময় ছিলো সকাল ন'টা। অস্তথ থাক বা না থাক, কতকটা সময় বাইরে বসে গল্প গুজব করে তবে অন্যত্র রোগী দেখতেন গিয়ে রোজই। <u>শেখানেও হয়তো এমনি একটা বাঁধা টাইম ছিলো</u> ভাক্তারের জন্যে পান জল তামাক ইত্যাদি নিয়ে! আর এক ডাক্তারসাহেব ছিলো বরাদ্দ—তার নাম কেলি—সে রোজ আসতো না, কিন্তু যখন আসতো তথনি জানতেম বাড়িতে একটা শক্ত রোগ ঢুকেছে। তথন দেথতুম व्यागारनत नीलगाधव वावृत मुथछ। शस्त्रीत रुख छर्ट्यह, আর ইংরিজি কথাটার মাঝে মাঝে থেকে থেকে 'ওর নাম কি' কথাটা অজত্র ব্যবহার করছেন তিনি; যথা— 'আই থিংকৃ—ওর নাম কি—ডিজিটিলিস্ এণ্ড কোয়নাইন —ওর নাম কি – ইফ ইউ প্রেফার আই সে ডক্টার কেলি ইত্যাদি।'

সাহেব ছাড়া হয়ে নীলমাধববাবু তাঁকে ডাক্তারই মনে হতো না, মনে হতো, একেবারে ঘরের মানুষ আর মজার মানুষটি! বাঘমুখো ছড়ি হাতে, গলায় চাদর, বুকে মোটা সোনার চেইন, ডাক্তারবাবু ভালোমানুষের মতো এসে একখানা বেতের চৌকিতে বদতেন। চৌকিখানা আদতো তাঁর সঙ্গে সঙ্গেই আবার সরেও যেতো তাঁর সঙ্গেই। আমার প্রায়ই অতথ ছিলো না, কাজেই ডাক্তারের লাচিটার বাঘমুথ কেমন করে কাত হয়ে চাইছে সেইটেই দেখতে পেভেম। ছোটো ছোটো লাল মানিকের চোথ ছুটো বাঘের—ইচ্ছে হতো খুঁটে নিই, কিন্তু ভয় হতে:—মা আছেন কাছেই দাঁড়িয়ে ডাক্তারের। এথনকার কালে কতে। ওয়ুধেরই নাম লেখে একটু অস্তবেই, তখন সাত্দিন জর চললো তো দালচিনির আরক দেওয়া যিকশ্চার আসতো--বেশ লাগতো থেতে, আর থেলেই ত্বর পালাতো। তিনদিন পর্যন্ত ওমুধ লেখাই হতে। না কোনো—হয় দাবুদানা, নয় এলাচদানা, বড়ো জোর কিটিং-এর বনবন। তিনদিনের পরেও যদি উঠে না দাঁড়াতেম তবে আদতো ডাক্তারখানা থেকে রেড মিকশ্চার। গলদা চিংডির ঘি বলে সেটাকে সমস্তটা খাইয়ে দিতে কট পেতে হতে! गारक।

এখন নানা রকম শৌখিন ওবুধ বেরিয়েছে, তখন মাত্র একটি ছিলো শৌখিন ওবুধ, যেটা খাওয়া চলতো অস্তথ না থাকলেও। এই জিনিসটি দেখতে ছিলো ঠিক যেন মানিকে গড়া একটি একটি রুহাতনের টেকা। নামটাও তার মজার
— জুজুবদ্। এখন বাজারে দে জুজুবদ্ পাওয়া যায় না, তার
বদলে ডাক্তারখানায় রাখে যঠিমধুর জুজুবিদ—খেতে
অত্যন্ত বিস্থাদ। অস্তথ হলে তখন ডাক্তারের বিশেষ ফরমাদে আদতো এক টিন বিস্কৃট আর দমদম মিছরি।
এখনকার বিস্কৃটগুলো দেখতে, হয় টাকা, নয় টিকিট। তখন
ছিলো তারা দব কোনোটা ফুলের মতো, কেউ নক্ষত্রের
মতো, কতক পাখির মতো। দমদম মিছরিগুলো যেন
দোনার থেকে নিওড়ে নেওয়া, রদে ঢালাই করা মোটা
স্কু একটা-একটা।

ভাক্তারের পরই—ঠন্ঠনের চটি পায়ে, সভ্যভব্য চন্দ্র কবিরাজ—তিনি তোষাখানা থেকে দপ্তরখানা হয়ে, লাল রঙ্কের বগলা থেকে চটা বিলি করে করে উঠে আসতেন তেতলায় আমাদের কাছে। নাড়ি টিপে বেড়ানোই ছিলো তাঁর একমাত্র কাজ, কিন্তু নিত্য-কাজ। বুড়ো কবিরাজ আমার মাকে মা বলে যে কেন ডাকে তার কারণ খুঁজে পেতেম না।

আর একটি-চুটি লোক আসতো উপরের ঘরে, তাদের একজন গোবিন্দ পাণ্ডা, আর একজন রাজকিষ্ট মিস্তী। পাণ্ডা আসতো কামানো মাথায় নামাবলি জড়িয়ে, কর্পুরের মালা. জগন্নাথের প্রসাদ নিয়ে। দাসীদের সঙ্গে আমরাও ঘিরে বসতেম তাকে। প্রথমটা দে মেঝেতে খড়ি পেতে গুণে দিতো দাসাদের মধ্যে কার কপালে ক্ষেত্তরে যাওয়া আছে, না-আছে। তারপর প্রসাদ বিতরণ করে দে শ্রীক্ষেত্রের গল্প করতে থাকতো পট দেখিয়ে। সেই পট, নামাবলি, কর্পুরের মালা দব ক'টার রঙ মিলে শ্রীক্ষেত্রের সমুদ্র বালি পাথর ইত্যাদির একটা রঙ ধরেছিলো মনটা। অল্ল কয় বছর হলো যখন পুরী দেখলেম প্রথম, তখন সেই সব রঙগুলোকেই দেখতে পেলেম, যেন অনেক কাল আগে দেখা রঙ। নৌকো, পালকি, মন্দির, বালি, কাপড়--সমস্ত জिनिम भाषा, रुनुष, कारला ও नील-- চারটি বত্কালের চেনা রঙের ছোপ ধরিয়ে রেখেছে!

আর একজন সাহেব আসতো, তার নাম রুবারীয়ো। জাতে পতুর্গীজ ফিরিঙ্গী—মিশকালো। বড়োদিনের দিন সে একটা কেক নিয়ে হাজির হতে।। তাকে দেখলেই শুণোতেম—'দাহেব আজ তোমাদের কাঁ?' দাহেব অমনি নাচতে নাচতে উত্তর দিতো, 'আজ আমাদের কিসমিদ্।' দাহেবের নাচন দেখে আমরাও তাকে ঘিরে খুব একচোট নেচে নিতেম।

নতুন কিছু পাখি কিম্বা নিলেমে গাছ কেনার দরকার হলে, বৈকুণ্ঠবাবুর ভাক পড়তো। দেখতে বেঁটে-খাটো মানুস্টি, মাথায় টাক; রাজ্যের পাখি, গাছ আর নিলেমের জিনিসের সংগ্রহ করতে ওস্তাদ ছিলেন ইনি। তখন স্থার রিচার্ড টেম্পল ছোটোলাট --ভারি তাঁর গাছের বাতিক। বৈকুণ্ঠবাবু নিলেমে ছোটোলাটের ডাকের উপর ডাক চড়িয়ে, অনেক টাকার একটা গাছ আমাদের গাছ-ঘরে এনে হাজির করলেন। ছোটোলাট খবর পেলেন—গাছ চলে গেছে জোড়াদাকোর ঠাকুর-বাড়িতে। সঙ্গে সঙ্গে লাটের চাপরাশি পত্র নিয়ে হাজির— ছোটোলাট বাগান দেখতে ইচ্ছে করেছেন। উপায় को, সাজ-সাজ রব পড়ে গেলো। আমার মথমলের কোট-প্যাণ্ট আবার সিন্দুক থেকে বার হলো। সেজে-গুক্তে বারান্দায়
দাঁড়িয়ে দেখলেম—ঘোড়ায় চড়ে চোটোলাট এলেন।
খানিক বাগানে ঘুরে একপাত্র চা খেয়ে বিদায় হলেন।
বৈকুপ্ঠবাবুর ডেকে-আনা গাছটাও চলে গেলে। জোড়াদাঁকো থেকে বেলভেডিয়ার পার্কে।

বৈকুণ্ঠবাবুর বাদা ছিলো পাণুরেঘাটায়, দেখান থেকে নিত্য হাজিরি দেওয়া চাই এখানে। একবার ঘোর রৃষ্টিতে রাস্তাঘাট ভূবে এক কোমর জল দাঁড়িয়ে যায়। বৈকুণ্ঠবার গলির মোড়ে আটকা—অন্যের যেখানে হাটু-জল বৈকুণ্ঠ-বাবুর দেখানে ছুব-জল — এতে। ছোটে। ছিলেন তিনি। কাজেই একখানা ছোট্ট নৌকা পুকুর থেকে টেনে তুলে তবে তাঁকে চাকরেরা উদ্ধার করে আনে। ছোট্ট মানুষটি, কিন্তু ফন্দি ঘুরতো অনেক রকম তাঁর মাথায়। কভো রকমই যে ব্যবসার মতলব করতেন তিনি তার ঠিক নেই। একবার বড়ো ক্রেঠামশায় এক বাক্স নিব কিনে আনতে বৈকুণ্ঠ-বাবুকে হুকুম করেন। তিনি নিলেম থেকে একটা গরুর-গাডি বোঝাই নিব কিনে হাজির! আর একবার এক গাড়ি বিলিতি এদেন্স এনে হাজির বাবামশায়ের জন্ম।
দেখে সবাই অবাক, হাসির ধূম পড়ে গেলো। এই ছোট
মানুষটিকে প্রকাণ্ড স্বপ্ন ছাড়া ছোট্ডথাটো স্বপ্ন দেখতে
কখনো দেখলেম না শেষ পর্যন্ত। বিচিত্র চরিত্রের সব
মানুষের দেখা পেলেম তিনতলা থেকে ছাড়া পেয়েই।



উড়ো ভাষায় এসে গেলো হাতে-থড়ির ধবরটা আমার কানে। কিন্তু রামলাল রেখেছিলো পাকা খবর ঠিক কখন, কোন তারিখে, কোন মাসে হবে হাতে-খড়িটা। কেননা এই শুভ-কাজে তার কিছু পাওনা ছিলো। কাজেই সে ঠিক সময় বুঝে, রাত ন'টার আগেই আমাকে খাঁচার মধ্যে বন্ধ করে বললে, 'ঘুমিয়ে নাও, সকালে হাতে-খড়ি, ভোরে ওঠা চাই।'

ত্ব'কানের মধ্যে তুটো কথা—'ভোরে ওঠা,' 'হাতে-খড়ি'
—থেকে থেকে মশার মতো বাঁশি বাজিয়ে চললো।
অনেক রাত পর্যন্ত ঘুম আসতে দেরি করে দিয়ে, ঠিক
ভোরে আমাকে একটু ঘুমোতে দিয়ে পালালো কথা
তুটো। পাছে হাতে-খড়ির শুভ-লগ্নটা উত্তরে যায়,

রামলালের চেয়েও সজাগ ছিলো আমাদের ঠাকুরঘরের বামুন! সে ঠিক আজকের একজন স্টেশন মাস্টারের মতো দিলে ফার্স্ট বেল। রামলালও বলে উঠল—'চল আর দেরি নেই।'

পাছে দেরি হয়ে পড়ে, দে জন্মে পা চালিয়ে চললো রামলাল। একতলায় তোষাখানা থেকে নানা গলি-ঘুঁজি সিঁড়ি উঠোন পেরিয়ে চলতে চলতে দেখছি কাঠের গরাদে-আঁটা একটা জানলা—সেই জানলার ওপারে অন্ধকার ঘরের মধ্যে কালো একটা মূর্তি একটা মোটা জালা থেকে কি তুলছে। লোকের শব্দ পেয়ে দে মূতিটা গোল ছুটো চোখ নিয়ে আমার দিকে দেখতে থাকলো। এর অনেক কাল পরে জেনেছিলেম এ-লোকটা আমাদের কালী-ভাগুারী—রোজ এর হাতের রুটিই খাওয়ায় রামলাল। কালী লোকটা ছিলো ভালো, কিন্তু চেহারা ছিলো ভীষণ। আলিবাবার গল্পের তেলের কুপো আর ডাকাতের কথা পড়ি আর মনে পড়ে এখনো কালীর দেদিনের চোখ, গরাদে-আঁটা ঘর আর মেটে জালা। ভাড়ারঘর পেরিয়ে এক ছোটো উঠোন—জলে-ধোওয়া, লাল টালি বিছানো। সেখান থেকে ছাতের-ঘরের ঠাকুর-ঘরের উত্তর দেওয়াল দেখা যায়, কিন্তু দেখানে পৌছতে সহজে পারিনি। উঠোনের উত্তর-ধারে চার-পাঁচটা সিঁড়ি উঠে একটা ঘর-জোড়া মেটে সিঁড়ি সোজা দোতলায় উঠেছে। এই সিঁড়ির গায়েই পাল্কি নামবার ঘর। সেটা ছाড়িয়ে একটা দরু গলি—একধারে দেওয়াল, অন্তধারে কাঠের বেড়া। গলিটা পেরিয়ে পেলেম একটা ছাত আর দক্ত একটা বারান্দা। তারই একপাশে দারি দারি মাটির উমুন গাঁথা আছে—ত্নুধ জ্বাল দেবার, লুচি ভাজবার স্বতন্ত্র স্বতন্ত্র চুল্লি। এই সরু বারান্দা, সরু গলির শেষে, চার-পাঁচ ধাপ সিঁড়ি-অন্ধকার আর ঘোরতর ঘর্ষর শব্দ পরিপূর্ণ একটা ছোটো ঘরে নেমে গেছে। ঘরের মেঝেটা থর্থর করে পায়ের তলায় কাঁপছে টের পেলেম। দেখানে দেখলেম একটা দাসী, **হাত হ'**খানা তার মোটা মোটা—গোল হু'খানা পাথর একটার উপর আর একটা রেখে, একটা হাতল ধরে ক্রুমাগত ঘুরিয়ে চলেছে—পাশে তার স্তপাকার করা সোনামুগ। এই ভাল দিয়ে যে রুটি খাই তা কি তথন জানি ? সে-ঘরটা পেরিয়ে আর একটা উঠোনের চক-মিলানো বারান্দা। দেখানে পৌছে একটা চেনা লোক—অয়ত দাদী—দে একটা শিল আর নোড়ায় ঘদা-ঘদি করে শব্দ তুলছে ঘটর-ঘটর ! এক মুঠে৷ কি সে শিলের উপরে ছেড়ে দিয়ে थानिक त्नाडा घरम मिरल घठाघडे. अमनि हर्य शिरला लाल রঙের একটা পদার্থ। অমনি হলুদ, সবুজ, শাদা, কতো কি রঙ বাটছে বদে বদে দে—কে জানে তখন দেগুলো দিয়ে কালিয়া, পোলাও, মাছের ঝোল, ডাল, অম্বল রঙ করা হয় ভাত খাবার বেলায়। এখান থেকে টালি-খদা ফোকলা একটা মেটে সিঁড়ি ঘুরে ঘুরে ঠাকুর-ঘরের ঠিক দরজায় গিয়ে দাঁড়ালেম। রামলাল ফদ্ করে চটি-জুতোটা পা থেকে খুলে নিয়ে বললে—'যাও।'

ঠাকুরঘরের দেওয়ালে শাদা পঞ্জের প্রলেপ; খাটলে খাটলে ছোটো ছোটো সারি সারি কুলুঙ্গি; তারই একটাতে তেল-কালি-পড়া পিলস্কজে পিতুম জ্লছে সকাল বেলায়। ঠিক তারই নিচে, দেওয়ালের গায়ে, প্রায় মুছে গেছে এমন একটা বস্থধারার ছোপ। ঘরের মেঝেয় একটা শাদা চুন-মাথানো দেলকো, আর আমপাতা, ডাব আর দিঁছর মাখানো একটা ঘট। প্রকোর দামগ্রা নিয়ে তারই কাছে পুরুত বদে; আর গায়ে নামাবলি জড়িয়ে হরিনামের মালা হাতে ছোটোপিশিমা। ধূপ-ধুনোর ধোয়ার গঙ্কে ভরা ঘরের মধ্যেটায় কি আছে দেখার আগেই আমার চোধ জালা করতে থাকলো। তারপর কে যে দে মনে নেই, মেঝেতে একটা বড়ো ক লিখে দিলে। রামখড়ি হাতের মুঠোয় ধরে দাগা বুলোলেম—একবার, চু'বার, তিনবার। তার পরেই শাথ বাজলো, হাতে-খড়িও হয়ে গেলো। পূজোর ঘর থেকে একটা বাতাসা চিবোতে চিবোতে ফিরতে থাকলেম এবারে। একেবারে একতলায় যোগেশ-দাদার দপ্তরে এদে একতাড়া তালপাতা, কঞ্চির কলম ও মাটির নতুন দোয়াত নিতে হলো, বাড়ির বুড়ো আধবুড়ো ছোকরা কর্মচারী সবারই পায়ের ধুলো ও আশীর্বাদের সঙ্গে—এ-ও মনে আছে। তারপর সদরে-অন্দরে সবাইকে দেখা দিয়ে কোথায় গেলেম, কি করলেম কিছুই মনে নেই।
কিন্তু তার পরদিনই আবার সরস্বতী পূজোয় দোয়াত, কলম,
বই, শেলেট রামলাল দিয়ে এলো, তা মনে পড়ে কিন্তু।
গুরুমশায় বলে সেদিনের একটা কেউ আমার মনের থোপে
ধরা নেই হাতে-খডির সকালটার সঙ্গে।

একটা অসমাপিকা ক্রিয়ার মতো এই হাতে-খড়ি ব্যাপারটা। এরই মতো আরো কতকগুলো অসমাপ্ত, কতকটা বায়োস্কোপের টুকরো ছবির মতো, মনের কোণে রয়েছে জমা।

খুব ছোটোবেলার একটা ঘটনার কথা। সেট। শুনে-পাওয়া সংগ্রহ মনের—মা বলতেন—আমাকে নিয়ে কাটোয়াতে যাচ্ছেন ছোটপিশিমার শুশুরবাড়ি। পথে ধানক্ষেতের মাঝ দিয়ে পাল্কি চলেছে। সঙ্গের দাসী একগোছা ধানের শীম ভেঙে মাকে দিয়েছে; তারই একটা শীম মা দিয়েছেন আমাকে খেলতে। মা চলেছেন অন্তমনে মাঠ-ঘাট দেখতে দেখতে, বন্ধ পাল্কির ফাঁকে চোখ দিয়ে। সেই ফাঁকে হাতের ধান-শীম মুখের মধ্যে দিয়ে গিয়ে আমার গলায় বেধে দম বন্ধ করে আর কি! এমন সময়—এ-ঘটনা বারবার বলতেন মা, কিস্ত এ-ঘটনা কোনো কিছু স্মৃতি কি ছবির সঙ্গে জড়িয়ে দেখতে পেতো না মন। যেন মনের ঘুমস্ত অবস্থার ঘটনা এটা জন্মের পরের, কিস্ত মনের ছাপাখানা খোলার পূর্বের ঘটনা।

পুরনো বৈঠকখানা-বাড়িটা অনেক অদলবদল জোড়াতাড়া দিয়ে হয়েছে জোড়াসাঁকোর আমাদের এই বসত
বাড়িটা। থাপছাড়া রকমের অলি, গলি, সিঁড়ি, চোরকুঠরি, কুলুঙ্গি ইত্যাদিতে ভর। এই বাড়ি, থানিক সমাপ্ত
থানিক অসমাপ্ত ছবি ও ঘটনার ছাপ আপনা হতেই দিতা
তথন মনের উপরে। অন্দর-বাড়ি থেকে রামা-বাড়িতে
যাবার একটা গলি পথ; ছোটোখাটো একটা উঠোনের
পশ্চিম গায়ে, সরু ছটো মেটে সিঁড়ির মাথায়, দোতলার
উপর ধরা এই গলিটার পশ্চিম দেওয়ালে পিছুম দেবার
একটা কুলুঙ্গি।

বাড়ির আর দব কুলুঙ্গি ক'টা ছিলো মেঝে ছেড়ে অনেক উপরে, ছোটো আমাদের নাগালের বাইরে। কিন্তু এই কুলুঙ্গিটা—ঠিক একটি পূর্ণ চন্দ্র যতো বড়ো দেখা যায় ততো বড়ো—আর সব কুলুঙ্গি থেকে স্বতন্ত্র হয়ে মেঝে থেকে নেমে পড়েছিলো। দেখে মনে হতো সেটাকে, যেন একটা রবারের शाना, जूरा পर्फ अक्ट्रे नाकिया डेर्फ मृत्य माँफ़िया গেছে। লুকোবার অনেকগুলো জায়গা ছিলো আমাদের, তার মধ্যে এও ছিলে। একটা। ইতুর যেমন গতে গুটিস্থটি বসে থাকে, তেমনি এক-একদিন গিয়ে বসতেম সকারণে, অকারণেও। পুর-পশ্চিমে দেওয়াল-জোড়া গলি, ছাওয়া **मि**रत्र निकात। नाना काष्क्र राख ठाकत-नामी, जाता এই পথটুকু চকিতে মাড়িয়ে যাওয়া-আদা করে—আমাকে দেখতেই পায় না। আমি দেখি তাদের থালি কালো কালো পায়ের চলাচল।

ঠিক আমার দামনেই একতলার ঘরের একটা মেটে দিঁড়ি একতলার একটা তালাবদ্ধ দেকেলে দরজার দামনে পা রেখে, দোতলায় মাথা রেখে, আড় হয়ে পড়ে থাকে— যেন একটা গজগীর দৈত্য আজব শহরের তেল-কালি-পড়া দিংহদার আগলে ঘুম দিচ্ছে এই ভাব। এলা-মাটির

উপরে সোঁতা অন্ধকার—তারই দিকে চেয়ে বসে থাকি পুকিয়ে চুপচাপ। বেশিক্ষণ একলা থাকতে হতো না, ঘড়ি ধরে ঠিক সময়ে সিঁড়ির গোড়ায় বিছিয়ে পড়তো রোদ— একখানি সোনায় বোনা নতুন মাতুর যেন। থাকতে থাকতে এরই উপর দিয়ে আগে আদতে। এক ছায়া, তার পাছে প্রায় ছায়ারই মতো একটি বুড়ি গুটিগুটি। তার লাঠির ঠকঠক শব্দ জানাতো যে দে ছায়া নয়, কায়া। বুড়ি এদে চুপ করে বদে যেতো তালবন্ধ কপাটের একপালে। বদে থাকে তো বদেই থাকে বুড়ি। দি ড়ি আড় হয়ে পড়ে থাকে তো থাকেই--- দাড়া-শব্দ দেয় না চু'জনে কেউ! রোদ ক্রমে দরে, একটু একটু করে আলো এলা-মাটির দেওয়ালগুলোকে সোনার আভায় একটুক্ষণের জন্মে উজলে দিয়ে, মাতুর গুটিয়ে নিয়ে যেন চলে যায়। সেই সময় একটা ভিথিরী, চুটো লাঠির উপর ভর দিয়ে যেন ্বুলতে-ঝুলতে এদে বদে বন্ধ-দরজার অন্য পাশে, হাতে তার একটা পিতলের বাটি। সে বদে থাকে, নেকডা-জড়ানো খোঁড়া পা একটা সিঁড়িটার দিকে মেলিয়ে গম্ভার ভাবে। বুড়ো বুড়ি কারু মুখে কথা নেই। কোথা থেকে বড়ো বোঁচাকরুণের পোষা বেড়াল 'গোলাপী'—গায়ে তিন রঙের ছাপ—মোটা ল্যাক্ষ তুলে বুড়ির গা ঘেঁষে গিয়ে বলে মিয়া! বুড়ো ভিথিরী অমনি হাতের লাচিটা ঠুকে দেয়। বেড়াল দৌড়ে দি ড়ি বেয়ে উপরতলায় উঠে আ্সে! ঠিক এই সময় শুনি, ঠাকুরঘরে ভোগের ঘণ্টা শাঁখ বেজে ওঠে। অমনি দেখি বুড়ো বুড়ি ছুটোতে চলে গেলো—ঠিক যেন নেপথ্যে প্রস্থান হলো তাদের থিয়েটারে। কুলুঙ্গিতে বদে আমি শুনতে থাকলেম কাঁসর বাজছে—তারপর… তারপর…তারপর…

একদিন সকালে আমাদের দক্ষিণের বারান্দার সামনে লম্বা ঘরে চায়ের মজলিস বসেছে। পেয়ারী-বাবুচি উদি পরে ফিটফাট হয়ে সকাল থেকে দোতলায় হাজির। আমার সেই নীল মথমলের সেকেণ্ড-ছাণ্ড কোট আর শর্ট প্যাণ্টটার মধ্যে পুরে রামলাল আমাকে ছেড়ে দিয়েছে—যতোটা পারে চায়ের মজলিস থেকে দূরে।

কে জানে সে কে একজন—মনে তার চেহারাও নেই,

নামও নেই—সাহেব-হুবো গোছের মানুষ, চা খেতে খেতে হঠাৎ আমাকে কাছে যেতে ইশারা করলেন। চায়ের ঘরে ঢুকতে মানা ছিলো পূর্বে। কাজেই, আমি ধরা পড়েছি দেখে পালাবার মতলবে আছি, এমন সময় রামলাল কানের কাছে চুপি চুপি বললে, 'যাও ডাকছেন, কিন্তু দেখো, খেওনা কিছু।' সাহস পেলেম, সোজা চলে গেলেম টেবিলের কাছে, যেখানে রুটি বিস্কৃট, চায়ের পেয়ালা, কাচের প্লেট, তথমা-ঝোলানো বাবুচি, আগে থেকে মনকে টানছিলো। ভূলে গেছি তথন রামলালের হুকুমের শেষ ভাগটা। ঘরের মধ্যে কি ঘটনা ঘটলো তা একটুও মনে নেই। মিনিট কতক পরে একথানা মাথন মাথানো পাঁউরুটি চিবোতে চিবোতে বেরিয়ে আসতেই আড়ালে কেদারদাদার দামনে পড়লেম। ছেলে মাত্রকে কেদারদাদার অভ্যাস ছিলো 'শালা' বলা। তিনি আমার কানটা মলে দিয়ে ফিসফিস করে বললেন— 'যাঃ, শালা, ব্যাপটাইজ হয়ে গেলি।' রামলাল একবার क्रेंग्रे क्र वामात फिर्क रुरा वलरल-'वरलिष्ट्रिंग्र ना, খেওনা কিছু।'

কি যে অস্তায় হয়ে গেছে তা বুঝতে পারিনে; কেউ স্পান্ট, করেও কিছু বলে না। দাসীদের কাছে গেলে বলে—'মাগো, খেলে কি করে?' ছোটো বোনেরা বলে বসে—'তুমি খেয়েছো, ছোঁব না!' বড়োপিশি মাকে ধমকে বলেন—'ওকে শিথিয়ে দিতে পারোনি, ছোটোবো!'

যে ভদ্ৰলোক চা খেতে এদেছিলেন তিনি তো গ্ৰালেন চলে খাতির-যত্ন পেয়ে। কেদারদাদাও গেলেন শিকদারপাড়ার গলিতে। কিন্তু 'ব্যাপটাইজ' কথাটা আমার আর কাছ-ছাড়া হয় না। রুটিখানা হজম হয়ে যাবার অনেক ঘণ্টা পরে পর্যন্ত আমার মনে কেমন একটা বিভাষিকা জাগতে থাকলো। কারো কাছে এগোতে সাহস হয় না। চাকরদের কাছে তোষাখানায় যাই, দেখানে দেখি রটে গেছে ব্যাপটাইজ হ্বার ইতিহাস। দপ্তরখানায় পালাই, সেখানে যোগেশদাদা মথুরাদাদাকে ডেকে বলে দেন—আমি 'ব্যাপটাইজ' হয়ে গেছি। এমনি একদিন হু'দিন কতোদিন যায় মনে নেই—একলা একলা ফিরি, কোথাও আমল পাইনে, শেষে একদিন ছোটোপিশিমা আমায় দেখে বললেন—'তোর মুখটা শুকনো কেন রে ?'

মনের ছুঃখ তথন আর চাপা থাকলো না—'ছোটো-পিশিমা, আমি ব্যাপটাইজ হয়ে গেছি!' ছোটোপিশি জানতেন হয়তো 'ব্যাপটাইজ' হওয়ার কাহিনী এবং যদি বিনা দোষে কেউ 'ব্যাপটাইজ' হয় তো তার উদ্ধার হয় কিলে, তা্ তাঁর জানা ছিলো। তিনি রামলালকে একটু আমার মাথায় গঙ্গাজল দিয়ে আনতে বললেন। চললো নিয়ে আমাকে রামলাল চাকুরঘরে। পাহারা-ওয়ালার সঙ্গে যেমন চোর, সেইভাবে চললেম রামলালের পিছনে পিছনে। রাশ্লা-বাড়ির উঠোনের পুব-গায়ে, দরু মেটে সিঁড়ি বেয়ে উঠে যেতে হয় ঠাকুর-বাড়ি। এই সিঁড়ির यायायायि छेर्छ, त्मअयात्मत्र शास्य होरका अक्छा मत्रका कम् करत थूरल, तामलाल वलरल-'अष्ठा कि कारना? চোর-কুটুরি, পেক্লা থাকে এথানে।'

আর বলতে হলো না, সোজা আমি উঠে চললেম দিঁড়ি যেখানে নিয়ে যাক ভেবে। থানিক পরে রামলালের গলঃ পেলেম—'জুতো খুলে দাঁড়াও, পঞ্চাব্যি আনতে বলি।'
ভয়ে তথন রক্ত জল হয়ে গেছে। ছোটোপিশি দিয়েছেন
ছকুম গঙ্গাজলের; কেন যে রামলাল পঞ্চাব্যির কথা
তুলছে, দে-প্রশ্ন করার মতো অবস্থার বাইরে গেছি তথন।
মনও দেখছি দেই পর্যন্ত লিখে বাকিটা রেখেছে অসমাপ্ত।



-



মানুষের সঙ্গ পেয়ে বেঁচে থাকে বসত-বাড়িটা। যতোক্ষণ মানুষ আছে বাড়িতে, ভূত ভবিষ্যত বর্তমানের ধারা বইয়ে ততোক্ষণ চলেছে বাড়ি হাব-ভাব চেহারা ও ইতিহাস বদলে বদলে। কালে কালে স্মৃতিতে ভরে, বাড়ি-স্মৃতির মাঝে বেঁচে থাকে বাড়ির সমস্তটা। বাড়ি ঘর জিনিসপত্র সবই স্মৃতির গ্রন্থি দিয়ে বাঁধা থাকে একালের সঙ্গে। এইভাবে চলতে চলতে. একদিন যখন মানুষ ছেডে যায় একেবারে বাড়ি, স্মৃতির দূত্রজাল উণার মতে৷ উড়ে যায় বাতাদে; তথন মরে বাড়িটা যথার্থ ভাবে। প্রত্নতত্ত্বের কোঠায় পড়ে कानाय च्यु, त्मणे मिनी ছाँएनत ना विएनी हाँएनत, त्यांगन ছাঁদের না বৌদ্ধ ছাঁদের। তারপর একদিন আদে কবি, আদে আর্টিস্ট। বাঁচিয়ে তোলে মরা ইট কাঠ পাথর এবং

ইতিহাস-প্রত্নতত্ত্বের মূর্দাখানার নম্বর-ওয়ারি করে ধরা জিনিসপত্রগুলোকেও তারা নতুন প্রাণ দিয়ে দেয়। সঙ্গ পাচ্ছে মানুষের, তবে বেঁচে উঠছে ঘর বাড়ি দবই। আমি বেঁচে আছি পুরনোর দঙ্গে নতুন হতে হতে; তেমনি বেঁচে আছে এই তিনতলা বাড়িটাও, আজ যার মধ্যে বাসা নিয়ে বসে আছি আমি। আজ যদি কোনো মাড়োয়ারী দোকানদার পয়সার জোরে দথল করে এ-বাড়িটা, তবে এ-বাড়ির সেকাল-একাল চুই-ই লোপ পেয়ে যাবে নিশ্চয়। যে আসবে, তার দেকাল নয় শুধু একালটাই নিয়ে দে বদবে এখানে। দক্ষিণের বাগান ফুঁয়ে উড়িয়ে ওথানে বসাবে বাজার, জুতোর দোকান, ঘি-ময়দার আড়ং ও নানা—যাকে বলে প্রফিটেবল— কারথানা. তাই বদিয়ে দেবে এথানে। দেকাল তখন শ্বতিতেও থাকবে না।

শ্বৃতির সূত্র নদীধারার মতো চিরদিন চলে না, ফুরোয়

এক সময়। এই বাড়িরই ছেলেমেয়ে—তাদের কাছে

আমাদের সেকালের শ্বৃতি নেই বললেই হয়। আমার

মণ্যে দিয়ে সেই শ্বৃতি—ছবিতে, লেখাতে, গল্লে—যদি কোনোগতিকে তারা পেলো তে। বর্তে রইলো সেকাল বর্তমানেও। না হলে, প্রানো ঝুলের মতো, হাওয়ায় উড়ে গেলো একদিন হঠাৎ কাউকে কিছু না জানিয়ে!





ক্ষীরের পুতুল

তোটোদের জন্ম তৈরী আজকালকার খেলো রহস্কা রোমাঞ্চের মাঝে অবনীন্দ্রনাথের ক্ষারের পাতৃলা যেন ঝবঝুরে বালিব মাঝে চিক্চিকে জল। আগ্রাভা জন্সলের মাঝে বিশলকেরণা। অধন লেখা পড়ে পড়ে ছোটোদের কল্পনা গেছে মরে, খাদ গিয়েছে বিগড়ে। মধাবারা দেশে অবনীন্দ্রনাথ সোনার কাটি হাতে নিয়ে এসেছেন, মৃত্তে মৃত্তাশাখায় জাগছে কিশ্লিয়। ছেলেরা ফের ফিবে পাচ্ছে তাদের ভাষা, খাস্তা ও লাবণা। অম্লা বই-এর জ্যুলা ছবি। ১৯০ দাম কিল্প হবে সাত জাহাজ সোনা কিনে বাছি ফিবলান।



রাজ কাহিনী

বাজপত বাব ও বিবাসনার ইতিহাসকে নিয়ে আসা হয়েছে বড়ান, বসাল ও ফচিকর উপলাসে। নিজাব পাথরে যে-আগুন ছিল প্রচেল হয়ে, তাকেই নিয়ে আসা হয়েছে আকাশের জ্যোতিছেব লাতিছে। উজ্জল, প্রসাদ-প্রসা, মধুবর্থী ভাষ্ণ --য়ে ভাষায় রও ও বেখা, ছবি ও ছল, প্রস্পারের সঙ্গে নিশে বয়েছে এক হয়ে, আকাশের মেঘ ও বৌল ও বাতাসের মহো। যার হাতে বুলি হচ্ছে লেখনী আর লেখনী হচ্ছে ছলি, শিল্প ও কথার যিনি সাবভৌষ স্থাট, সেই অবনীজনাথের বচনা- কাহিনীর মধো বাজা এই বাজকাহিনী। বিচিত্র সোনালী ত্রিবর্ণ মলাট, নাখানা বছবর্ণ ছবি, ছই খণ্ড একত্রিত তৃতীয় সংস্করণ। লাম ১৮০